Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

180

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্ব্বাণ।

কুমুদকান্ত বসু বি, এল, প্রণীত।

শ্রীমুনা বসু কর্ত্তৃক প্রকাশিত।
৮নং টেমার্স লেন, । কলিকাতা।
১৩২৫ সন।

মূল্য ৸০ আনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

H. C DASS CO,—Printers.
CALCUTTA.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম।	সংখ্যা।	নাম।	সংখ্যা।
মিলনে ...	... ৪৯	তুমি ...	... ৭৭
চাহি ...	... ৫০	দাতা ...	... ৭৮
পুণ্যের পরিণাম ...	... ৫১	জ্ঞানের অজ্ঞতা ...	... ৭৯
সন্ন্যাস ...	... ৫২	মহা নিমন্ত্রণ ...	... ৮০
মরণ ...	... ৫৩	কাপুরুষ ...	... ৮১
জীবন ভেলা ...	... ৫৪	করুণা বৃষ্টি ...	... ৮২
সংশয় ...	... ৫৫	বিস্মৃতি ..	... ৮৩
চির-সাথী ...	... ৫৬	আত্ম-পরিচয় ...	... ৮৪
পুরুষ-প্রকৃতি ...	... ৫৭	আশ্বাসে বিশ্বাস ...	... ৮৫
বিবর্ত্তন ...	... ৫৮	অনিত্য-সংসার ...	... ৮৬
আত্মবৈরী ...	... ৫৯	সুন্দর ...	... ৮৭
নামে রুচি ...	... ৬০	নির্বৃতি ...	... ৮৮
ফকা কথা ...	... ৬১	কান্তভাব ...	... ৮৯
ত্যাগ ...	.. ৬২	প্রেম ...	... ৯০
সুষমা-চোর ...	... ৬৩	দুঃখের সুখ ...	... ৯১
স্বর্গ ...	.. ৬৪	মায়ের শাসন ...	... ৯২
সাধনা ...	... ৬৫	অনাদি কবি ...	... ৯৩
জীবন ...	... ৬৬	পর কে ...	... ৯৪
অক্ষমতা ...	... ৬৭	উদাসী ...	... ৯৫
[illegible]-সাধনা ...	... ৬৮	মহাজ্ঞানী ...	... ৯৬
শমন ভয় [illegible]	৬৯	পূর্ণত্বের অভাব ...	... ৯৭
প্রিয়-নিকেতন ...	... ৭০	[illegible]শ ...	... ৯৮
মহেশ্বর ...	... ৭১	গর্ব্ব [illegible]	[illegible]
উপাসনা ...	... ৭২	মঙ্গল জ্যোতিঃ ...	... [illegible]
আশীর্ব্বাদ ...	... ৭৩	মায়ের ছলনা ..	.. ১০১
পরিবর্ত্তন ...	... ৭৪	যোগ ...	... ১০২
খেলা ...	... ৭৫	টেনে লও ...	... ১০৩
স্থূল দেহ ...	... ৭৬	স্মৃতির বিস্মৃতি ...	... ১০৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম।	সংখ্যা।	নাম।	সংখ্যা।
জীবন লতা ...	... ১০৫	প্রেম ও কর্ত্তব্য ...	... ১৩২
একাকী ...	... ১০৬	যোগ ...	... ১৩৩
সমর্পণ ...	... ১০৭	দয়া ...	... ১৩৪
অভয় ...	... ১০৮	আদর্শে মিলন ...	... ১৩৫
দু'টী প্রাণ ...	... ১০৯	মহাকর্ষণ ...	... ১৩৬
অসাধ্য ...	... ১১০	অতৃপ্তি ...	... ১৩৭
জীবন্ত-জড় ...	... ১১১	মহামিলন ...	... ১৩৮
আত্ম-গুরু ...	... ১১২	আত্মদান ...	... ১৩৯
কর্ম্ম ...	... ১১৩	আত্মানুভূতি ...	... ১৪০
মায়ের জন্ম ...	... ১১৪	জ্ঞানের স্বরূপ ...	... ১৪১
বন্ধন-মুক্তি ...	... ১১৫	জীবন নদী ...	... ১৪২
অমৃত-সাগর ...	... ১১৬	যোগক্ষেম ...	... ১৪৩
অচেনা মা ...	... ১১৭	দুটী-পাখী ...	... ১৪৪
ভয় ...	... ১১৮	মানব ...	... ১৪৫
কার্য্যের কর্ত্তৃত্ব ...	... ১১৯	প্রার্থনা ...	... ১৪৬
প্রাণ-পাখী ...	... ১২০	লুট ...	... ১৪৭
ঘুড়ি ...	... ১২১	এত আড়ি ...	... ১৪৮
আশীর্ব্বাদ-ভিক্ষা ...	... ১২২	সোহহং ...	... ১৪৯
সন্তোষ ...	... ১২৩	আত্মভাব ...	... ১৫০
সান্ত্বনা ...	... ১২৪	স্বরূপ-ধ্যান ...	... ১৫১
জ্ঞানের প্রহেলিকা ...	... ১২৫	[illegible] ...	... ১৫২
দেহ ...	[illegible]	সকলি আমার ...	... ১৫৩
জী[illegible]	... ১২৭	পূর্ণ-মিলন ...	... ১৫৪
[illegible]ানুভূতি ...	... ১২৮	কি সম্বন্ধ ...	... ১৫৫
লুকোচুরি ...	... ১২৯	আমি-তুমি ...	... ১৫৬
সা[illegible] অনন্ত ...	... ১৩০	কৈবল্য ...	... ১৫৭
প্রতীক্ষা ...	... ১৩১	আনন্দ ...	... ১৫৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উৎসর্গ।

তোমার প্রাণের গান,
আমার হৃদয়–তানে,
মিশিয়া লভেছে আনন্দে নির্ব্বাণ।
তাই আত্ম প্রীতি তরে,
বিশ্ব-মানবের করে,
দুজনে সাদরে করিনু প্রদান।

প্রণত
দম্পতি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্ব্বাণ।

সঙ্গীত।

গানাৎ পরতরং নহি।

সঙ্গীত-সুধা-সাগরে কল্পনা-লহরি।
আনন্দ-কম্পনে ধায় অনন্ত আবরি।
ধীরে ধীরে অই প্রেম-বেণু-স্বরে,
শূন্য হতে বিশ্ব ফুটে স্তরে স্তরে,
হেরিয়া অতুল শোভা পুলকে শিহরি।
তাল মান লয়ে ব্যাপ্ত দেশ, কাল,
কার্য্য-কারণের কি বিরাট জাল!
ওঙ্কারে প্রকাশে জ্যো[illegible] ধান্ত পরিহরি।

গৌরী—একতালী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমতা।

যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি।

আমি তোমারি সমান।
যদিও পঙ্কিল পাপে—বিষয়ে ক্লিন্ন,
দীন, খিন্ন, ম্রিয়মাণ।
দাস হয়ে আমি ডাকি সখা বলে,
পার কি ভুলিয়া দূরে যেতে চলে ?
নানা ছলে কর প্রাণে আলিঙ্গন দান।
তুচ্ছ, অণু আমি জড়, অচেতন,
সংবিতের তবু অপূর্ব্ব স্ফুরণ,
আমারে জানিলে হই নিজে ভগবান।
অনন্ত [illegible]য় চাহি ধরিবারে,
শান্ত হ'য়ে এস অন্তর মাঝারে,
শুভ বর দিয়ে কর নিয়ত কল্যাণ।

গজল—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এস।

আবিরাবীর্ম্ম এধি।

কেন আর আড়ালে থাক,
এস নয়নে ভাস, দাও দরশন।
পূরাইলে সব সাধ, তবু কেন অবসাদ
হবে না মোচন ?
আমি ত পাসরি তোমায়—
তুমি প্রাণে ডেকে বল,
লহ নিত্য, শুদ্ধ জ্ঞান,
লহ দেহে নব বল ;
পাছে পাছে থাক তুমি, চোকে রাখ অনুক্ষণ।
দূরে, অন্ধকারে গেলে,
প্রকাশ সম্মুখে দীপ্তি,
শঙ্কায় কা[illegible]
হাসিয়া ঘুচা[illegible]
অজস্র করুণামৃত কর প্রাণে বরিষণ।

ভৈরবী—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪

মুক্তি-পথে।

ধীরো হর্ষ-শোকৌ জহাতি।

মাঝে মাঝে কেন প্রাণ কাঁদে।
এখনো প'ড়ি কেন মোহন মায়া-ফাঁদে।
বিরহে মিলন লাগি, হই কেন অনুরাগী,
মিলনে বিরহ চাহি কাঁহার মিলন স্বাদে ?
বহে বন্যা নিম্নস্তরে, সেথা হাসি কান্না ঝরে,
ভাসে গিরি-শৃঙ্গ সদা নির্ম্মল আনন্দ-চাঁদে।

মিশ্র-আড়ানা—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫

অনন্ত-জীবন।

স এব জাতঃ স জনিষ্যমাণঃ।

দু'পারে রয়েছে পরে অনন্ত জীবন।
কেন মিছে ভয়ে ভীত হও অকারণ ?
অদূরে ক্ষুদ্র মৃত্যু-নদী,   হেরিয়ে প্রাণ কাঁপে যদি,
ডেকো তাঁরে অকাতরে অনাথ-শরণ।
জাগ্‌লে তুমি নিদ্রা ত্যাগে,   নব দেহের অনুরাগে,
গত জনমের কথা হবে বিস্মরণ।
যাওয়া আসা বার বার,   ঘুচিবে বল কবে আর,
হবে কবে তাঁর সনে চির সম্মিলন ?

টোড়ী—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬

ভালবাসা।

স্বেচ্ছাময়ঃ স্বেচ্ছয়া চ দ্বিধারূপোবভূব সঃ।

কে ভালবাসে—কেন ভালবাসি,
একি শুধু খেলা—স্বপন ঘোর!
কেউ নহ তুমি—আমারি কল্পনা,
বাঁধা আছি তবু কেমন দু'জনা,
মরি কি মধুর প্রেমের ডোর!
গড়েছি তোমায় ভালবাসা দিয়ে,
এবে ভালবাসা তোমা হ'তে নিয়ে,
আপনি রয়েছি আপনা ভোর!

বসন্ত-বাহার—তেওরা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭

দূর-মিলন।

দূরস্থং চান্তিকে চ তৎ।

দূরে না গেলে কি হয় দু'জনে মিলন ?
কল্পনা জাগায় প্রীতি—শুদ্ধ প্রীতি,
দেহে লালসা-কম্পন।

হৃদয় শুকায় দেহ-পেষণে,
দূরে গেলে জাগে কত সাধ মনে,
গুণ-সৌরভে, সদা স্মৃতি মোহে
বাসনা-পবন।

রহেনা তখন বিরহ প্রাণে,
ভাবের যমুনা উছলে উজানে,
দূর-বংশী-রবে মিলে দূরে [illegible]
দু [illegible]বন।

বাঁরোয়া—পোস্তা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অজ্ঞেয় আত্মা।

তৎ কেন কং মন্বীত যেনেদং সর্ব্বং বিজানাতি।
বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ।

তোরে তুই জান্‌বি কেমনে ?
জ্ঞাতা হবে জ্ঞেয় বল কার মননে—কার মননে ?
আঁখি হেরে বস্তু সকল, আপনারে দেখ্‌তে বিকল,
বিনা দরপণে ;
দর্পণের ও বিম্ব ছায়া, নহে আসল, নহে কায়া,
জানে সর্ব্বজনে।
বিরাট বিশ্ব স্বপ্ন তোর, সত্তাহীন প্রপঞ্চ ঘোর,
স্বরূপ বিহনে ;
ভ্রান্ত জ্ঞানে কি আত্মবোধ, হয় কখনো, রে নির্ব্বোধ,
মায়ার জৃম্ভণে ?
মায়িক বিশ্ব হলে লয়, যেটুক্ শুধ বাকি রয়
সম[illegible]মিলনে ;
সেই যে তুহ—খাটি তুই, তোর দোসর পাবি কই
এবিশ্ব ভুবনে ?

ঝিঁঝিট—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯

কে দেখে—কে শুনে ?

চক্ষুঃ কিং রূপাণি পশ্যতি ? হৃদয়েন হি রূপাণি জানাতি ।
হৃদয়ে হ্যেব রূপাণি প্রতিষ্ঠিতানি ।

নয়ন অন্ধ, শ্রবণ বধির,
তবুও কেন হই অধীর,
তোমায় জানিতে ?
করুণা-উৎস উছলে নিয়ত
(আমার) হৃদয়-নিভৃতে ।
তোমার জোছনা ঢালে প্রাণে
সুধা রাশি রাশি ;
অন্ধ নয়নে মাধুরী হেরি,
মুগ্ধ প্রাণে হাসি ;
বধির শ্রবণে চিন্ময় স্বামি,
ওঙ্কার ধ্বনি, বিস্ময়ে আ।
পাই যে শুনিতে ।

লুম্-ঝিঝিট—জলদ্ একতালা ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞান।

স বেত্তি সর্ব্বং ন তস্য বেত্তা।

জ্ঞানেরে জানিতে পারি কি জ্ঞানে ?
সপি জীবন যদি জ্ঞানেরি ধ্যানে।
করণ বিলুপ্ত হবে, ধ্বংস হবে প্রাণ,
কিরূপে লভিব তবে জ্ঞানের সন্ধান ?
স্বরূপে স্বরূপ বুঝি অনুমানে।

কেদারা—মধ্যমান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১

উদ্বাহে।

একাঙ্গঞ্চৈব স্ত্রী-পুংসোর্যথা প্রকৃতি-পূরুষঃ।

দুজনে দোঁহারে, শুধু জানিবারে,
হয়েছে মিলন।
দুজনে দোঁহারে, জানি কি প্রকারে,
সতত যতন।
নিয়ম শৃঙ্খলে বাঁধিয়া
দোঁহে জানি দোঁহার হিয়া,
দুজনে দোঁহায় করিয়া শাসন।
দোঁহে শিষ্য—দোঁহেই গুরু,
নন্দন কি সংসার-মরু,
এমনি মধুর প্রেমের বাঁধন !
পাশাপাশি রহি দু
ভালবাসি করমে, মনে,
দুজনে দোঁহার জীবন মরণ।

অহং—জলদ্-একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মঙ্গল-বিধান।

শান্তং শিবমদ্বৈতম্।

ঢাল সুধা প্রাণে প্রভু,
ঢাল সুধা প্রাণে।
হোক্ প্রাণ অমৃতময়,
(তোমার) মঙ্গল বিধানে।
ফুলের মত হাসি হাসি,
সবে আমি ভালবাসি,
প্রীতি-সুরভি দানে।
দাওহে প্রাণে শক্তি হেন,
হইনা কাতর যেন,
বিষয়-বিষ-পানে !

বিহঙ্গড়া—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩

প্রাণের বাঁশী।

যঃ উদ্গীথঃ স প্রণবঃ।

ঐ বাঁশরী বাজে,
নিভৃতে নিয়ত মনোমাঝে।
দুঃখগ্লানি সহি, সদা মগ্ন রহি,
আপনার কাজে।
কে বাজায় বাঁশী, এত ভালবাসি,
আসে নাক কাছে;
না দেখেও তাঁরে, একাকী আঁধারে,
প্রাণে শান্তি রাজে।
বাঁশীর কি নেশা, যত ক্ষুধা তৃষা,
দূরে যায় লাজে।
জাগে নিরুপাধি, [illegible]প্য সমাধি
কি মাধুরী সাজে।

ভৈরবী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪

হারানো আমি।

সর্ব্বং ত্যজতি যস্তস্য সর্ব্বমেবোপতিষ্ঠতে।

আমি হারায়ে ফেলেছি আমারে,
তোমার অতল প্রেম-পাথারে।
যত ডুবে যাই, তত সুধা পাই,
আপনা বিলাই বিশ্ব মাঝারে।
নাহি মনে আর, আমিত্ব আমার,
আত্মার প্রসার নিয়ত বাড়ে।
হয়েছি উদার, হয়েছি সবার,
পেয়েছি আবার ফিরে আমারে।

গৌর-সারঙ্গ—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫

ভ্রান্তি।

নাহম্ জীবঃ পরং ব্রহ্ম।

পূজ কাঁরে, কহ মোরে, মূঢ় মন বিচারি।
একি খেলা, অবহেলা, একি ভুল তোমারি।
যাঁরে পূজিবারে চাহ, সেকি তুমি ভিন্ন অন্য কেহ?
ধরিয়া প্রপঞ্চ দেহ, আছ ভ্রান্তি প্রসারি।
ধ্যান-যোগে চিদাকাশে, সদা আত্মবিম্ব পরকাশে,
প্রকৃতি-কুহক পাশে, কেন তোমা নেহারি?

ছায়ানট—মধ্যমান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অ-ভী।

অভয়ং বৈ জনক, প্রাপ্তোঽসি।

এত সুধা সঞ্চিত, হবো কেন বঞ্চিত পানে।
অমর আমি, কেনগো ডরিব মরণ-বাণে।
বিষয়-বিষে লুকানো সুধা,
না খেয়ে শুধু বাড়িছে ক্ষুধা,
কেন এ সন্দেহ, কেন এ দ্বিধা শঙ্কিত প্রাণে।
নিজকর্ম্ম দোষে সহি ক্লেশ,
সহি সাধে দুর্গতি অশেষ,
তাই কি কুঞ্চিত, দীনবেশ রাজার সন্তানে।
নন্দিত চিতে নাহি বিকার,
কেবলি ঝরে আনন্দ [illegible]
[illegible]হি কম্পি[illegible] [illegible]ঞ্চিত আর এ সংসার ভাণে।

মিশ্র-ভৈরবী—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৭

বরলাভ।

বরস্তু মে বরণীয়ঃ স এব।

"ধন দাও," "যশঃ দাও" এমন বর চাহি না,
মাগো, এমন বর দিও না।
বর দিও করুণা করে, তোমায় প্রাণে বুঝিবারে,
ভক্তিভরে,
তব কাজ সাধিবারে নিত্য কামনা।
বর দিও করুণা করে, আপন পর ভুলিবারে,
অকাতরে,
পাপ, পুণ্য নাশিবারে জ্ঞান-সাধনা।
বর দিও সন্তান বলে, সবায় লয়ে পদতলে,
সুমঙ্গলে,
রহি যেন সব ভুলে—এই বাসনা।

বামকেলী—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভুল।

মূলে মূলাভাবাদমূলং মূলম্।

আমার একি ভুল ! আমার একি ভুল !
বিশ্বভরা হেরি আমায়—সবি আমার অনুকূল !
নানা কণ্ঠে শুনি আপন বাণী,
নানা গ্রন্থে পড়ি নিজ কাহিনী,
নানা দৃশ্যে সদা আপনারে জানি;
আমি কি সবারি মূল !—আমার একি ভুল !
এ জগৎ শুধু একেরি খেলা,
একটা আলোর কিরণ-মেলা,
অনন্ত আকাশে—অফুরন্ত বেলা,
নাহি আদি, নাহি কূল—আমার একি ভুল !
এ ভুল ভাঙ্গিতে যাব কার কাছে ?
রয়েছি যে আমি ভ্রমার্ণব মাঝে !
ভয় যদি ভুল বিশ্ব যায় পাছে !
ভুল যে প্রকৃতি-মূল !—আমার একি ভুল !

বাঁরোয়া—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯

মরণে জীবন।

যং যং লোকং মনসা সংবিভাতি বিশুদ্ধসত্ত্বঃ
তং তং লোকং জয়তে।

যদি মরণে জীবন যায়
তবে কে মরিতে চায় ?
জীবন হারায় অবহেলায় !
মরণে আনে নবীন জীবন,
নবীন দেহ, নবীন স্বজন,
তাই ছেড়ে যেতে চাহে পুরাতন,
ডরে নাক মন, বিভীষিকায়।

পরজ—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০

হৃদয়-রাণী।

যত্তে রূপম্ কল্যাণতমম্ তত্তে পশ্যামি।

আমার আঁধার ঘরে আলো জ্বালে কে ?
কার দেহ-গন্ধে হৃদয় ভরিয়ে যায়,
ধীরে ধীরে আমায়, কে ডাকে ?
সেকি প্রকৃতিরূপিণী হৃদয়-রাণী,
ফুল-রেণু-দলে গঠিত দেহখানি,
নিঃশ্বাসে যাঁর মলয়া বয়,
কণ্ঠে কোকিল কুহরে,
নয়নে ভাসে ঊষার আলো,
বাদল যাঁর শোভে অলকে।

কাফি—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমাধি।

য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি।

তব অতুল সুষমা তরে, আমি ডুবে যাব অকাতরে,
হইব অমর!
মরিয়া, মরণে দিব ফাঁকি, তব মাঝে সদা মিশে থাকি,
দিবে না এ বর?
প্রসারি ধীরে মঙ্গল-করে, লও ডেকে সখা, সমাদরে,
প্রাণের ভিতর।
অতনু লয়ে অরূপ ধ্যানে, চাহিয়া তব স্বরূপ পানে
র'ব নিরন্তর।
করিলে স্নান কামনা-সরে, যায় বাসনা সকলি স'রে,
নিষ্কাম অন্তর।
রবেনা ভাবনা মোহ খেদ, পূর্ণজ্ঞানে "তত্ত্বমসি" বেদ.
ভাতিবে অম্বর।
প্রলয়-সুপ্ত-শান্তির পরে, ফুটিবে ভুবন শূন্যভরে,
নবীন সুন্দর!
অদ্বৈত-জ্ঞান-গৌরবে লুটি, এক হতে পুন হব দু'টি,
অভেদ-অন্তর।

সিন্ধু-ভৈরবী—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২

নয়ন।

দ্রষ্টা হি দৃশ্যাত্মতয়া ন দৃষ্টঃ।

এ নয়রে নয়ন তোর,
এ নয়নে দেখ্‌বি কি?
অণুবীক্ষণ, দূরবীক্ষণ,
চোকের গুণ কি কখন বাড়ায় নাকি?
কীটাণু, বীজাণু হতে ভানু-শৃঙ্গ, ছায়াপথ,
কতই হেরিলি মন, চড়িয়ে বিজ্ঞান-রথ,
বলনা কেমন করে চেতন জড়ে,
হয় জড়াজড়ি মাখামাখি?
আর কেমন করে চেতন জড়ে
যায়রে ছেড়ে, তোর আঁখির সাম্‌নে দিয়ে ফাঁকি?

ভীমপলশ্রী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছলনা।।

স শোচ্যো হি আত্মবঞ্চকঃ।

কেমন করে মন যোগাই তোমার
বলনা আমায় ?
নিতি নিতি আপনারে ছলি
নানা ছলনায়।
যেজন সুহৃদ চির আপনার
তাঁরে প্রতারিতে কেন বারবার.
খেলি নানা চাতুরী ;
কাজে, কথায়, ছলিয়ে তাঁয়
দেখাই বাহাদুরী ;
বলনা কোন্ গুরুর মন্ত্রণায় ?
তাতে সেত কই কখনো রোষে না,
কারে ফাঁকি দেই মন ত বোঝেনা
আপনার দুষ্কৃতি ;
অনলে এবে, পোড়াতে হবে
এ ভীষণ কুরীতি ;
জানি হাসে অঙ্গার বহ্নি আভায়।

কালাংড়া—দাদ্‌রা !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্ব-সঙ্গীত।

তদ্গানেন জগদ্ব্যাপ্তং দিবি দেবা অপি স্থিতাঃ।

শুন শুন ঐ ঐকতান।
কার প্রেমে নাচে চরাচর, সাগর, বিমান।
তুমি একাকী দূরে, বিষয়-নরক-পুরে,
রহি' কেন হবে ম্রিয়মাণ।
অসন্তোষ. পাপ, বিদ্রোহ-বাসনা,
ও সঙ্গীত-সুধা পরশে রবে না;
শ্রান্ত হৃদয়ে মধুর শান্তি পাবে,
তৃপ্ত হবে তৃষিত প্রাণ।

হাম্বীর—চিমেতেতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫

আত্ম-করুণা।

দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে রূপমৈশ্বরং।

কে দিল অন্ধ নয়নে জ্যোতিঃ,
বধির শ্রবণে শ্রুতি,
দুর্ব্বল হৃদয়ে শক্তি, মৃত দেহে প্রাণ ?
তাঁর কত দয়া, কত স্নেহ,
সীমা নাহি পায় কেহ,
সন্তোষ-প্রসন্ন-গেহ তাঁর প্রিয় দান।
সে যে আত্মা, পরমাত্মীয়,
প্রাণ হতে অতি প্রিয়,
তুল্য হয়ে ভজনীয়, অপূর্ব্ব বিধান !
এ নহে জীব-কর্ম্মফল,
এ যে করুণা কেবল,
আত্ম করুণা কেবল, (সেযে) করুণা-নিদান।

কেদারা—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈরাগ্য।

ভবেৎ শ্মশানমুদ্যানমুদ্যানঞ্চ শ্মশানকং।

আমার হৃদয়-বাগান, হয়েছে শ্মশান,
নাই সে সুষমা সে শোভা বিভব!
(সাধের) বেলি, যুঁই, মল্লিকা, বকুল, শেফালিকা,
কে এসে উপাড়ি ফেলিছে সব।
একি বৈরাগ্যের সুতীব্র অনল!
শুকায়েছে হৃদি-সরসীর জল;
হাসে না ত আর কুমুদ, কমল,
পশেনা শ্রবণে ভ্রমর-রব।
(আবার) জ্ঞানের হিল্লোল বহিলে সুধীরে,
ফুটে শত ফুল শুষ্ক তরু-শিরে,
সরোবর পূর্ণ হয়ে প্রেম-নীরে
আনে শ্মশানে উদ্যান-গৌরব।
(তখন) আনন্দ-কোকিল কুহু কুহু স্বরে,
বরষে অমৃত হৃদয়-কন্দরে,
আত্ম-করুণায় অতীত বিস্মরে,
বিস্তারি চিত্তে সমাধি-বৈভব।

বেহাগ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজার প্রয়োজন।

আত্মানমেব প্রিয়মুপাসীত।

পূজার আছে প্রয়োজন।
আড়ম্বর নহে বৃথা বিড়ম্বন।
জীবন আমার অভাবে আচ্ছন্ন
কি আছে,— কি নাই, করি তন্ন তন্ন.
আমি মতিচ্ছন্ন. দুর্ব্বল জীবন।
বাড়াতে ভাবের সম্পদ-সম্ভারে.
ফল ফুলে কত সাজাই আমারে.
করি বারেবারে কত আয়োজন।
ভকতি শিখিতে পূজার প্রকাশ
নহে প্রহেলিকা জীবনের আশ.
সহাস বদনে করি আবাহন।
বাড়ায়ে আপন হৃদয়-ঐশ্বর্য্য,
সন্তোষে হেরিয়া আপন সৌন্দর্য্য,
ধৈর্য্য ধরি পরে করি বিসর্জ্জন।

দেশ—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৮

জীবন্ত মা।

ত্বং সর্ব্বরূপিণী দেবী সর্ব্বেষাং জননী পরা।

কে বলে মা আমার নিরাকারা ?
প্রকৃতি-রূপিনী মা যে আপনি সাকারা।
যার হাসি হাসে ফুল,
হাসে রবি, চন্দ্র তারা ;
যার শ্বাস বহে সদা মৃদুল পবন,
ঝরে গিরি-স্তন হতে জীবনামৃত-ধারা।

রামপ্রসাদী সুর—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৯

নিয়তি-ভ্রমণ।

অহং মমেতি ভ্রময়ত্যজস্রং, মনঃ স্বকৃত্যেষু ফলোপভুক্তিষু।

ভ্রমি নিয়ত আমি নিয়তির কোপে।
ভাবাধীন আজি নিজ স্বরূপ লোপে।
হাসিব মনে ভাবিলে যাতনায় ফাটে প্রাণ,
বিষণ্ণ হৃদয়ে ফুটে কত হরষের গান ;
আমার কামে অকাম, লোভে অলোভ,
আমি বীতরাগ ভোগে ;
আমার অধৈর্য্যে ধৈর্য্য, শঙ্কায় বীর্য্য,
আমি শোকহীন শোকে।
আমার দুঃখে উছলে সুখ, নিরাশায় আশা,
হিংসা, দ্বেষে জাগে প্রাণে প্রীতি, ভালবাসা,
আমি বয়সে যুবা, স্থবির জ্ঞানে,
আমি হীন, অধম অমিত মানে,
আমি অবিরত, বিপন্ন বিব্রত,
বিপরীত ভাবারোপে।

ভঁরো—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০

প্রেম।

সমোঽহম্ সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।

মন, তোমার কিসের ভাবনা।
আপন ভুলে, পরজনে আপন ভাবনা।
পরের লাগিয়া কত, কষ্ট পাও অবিরত,
পদে-পদে সহ তুমি লাঞ্ছনা, গঞ্জনা।
পর সুখে অনুরাগী, হও দুঃখে সমভাগী,
দেখাও সহানুভূতি, সমান বেদনা।
সব দুঃখ চলে যাবে, প্রাণে মহানন্দ পাবে,
হেরিবে আপন বিশ্বে সকলি আপনা।

রামপ্রসাদী—জলদ্—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানগম্য।

তং বেদ্যং পুরুষং বেদ।

জানিতে হবে তাঁরে জ্ঞানে।
আমার অবোধ মন, প্রবোধ না মানে।
না জেনে কি তাঁরে, বিশ্বাসিতে পারে,
ভকতি কি জাগে অনুমানে ?
সন্দেহ, বিতর্ক নাশি, জ্ঞান-অর্ক
প্রকাশিবে সে প্রিয়-পুরাণে।
অব্যক্ত, অব্যয়, নির্গুণ, চিন্ময়,
পারি না ধরিতে, সান্ত জ্ঞানে।
জ্ঞানের স্বরূপ, সত্য অপরূপ,
ভ্রান্ত হয়ে যায় ভ্রান্তি-বানে।
বাসনা-স্বপন, বিষয়-স্পন্দন,
হ'লে অন্তর্হিত চিদ্‌ধ্যানে ;
যোগানন্দ-ভাবে, সব লয় পাবে,
রাজিবে তাঁর স্বরূপ প্রাণে।

দেশ—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুষমার আকর।

আনন্দরূপমমৃতম্ যদ্বিভাতি।

প্রভু, তুমি সুষমার আকর।
প্রাণ চাহে তোমায় নিরন্তর।
কণা লয়ে তার, গড়িলে আমার
শোভন সুন্দর দেহ,
তার মাঝে হিয়া, দিলে লুকাইয়া,
দিয়া আপনার স্নেহ ;—
আমিও দেখ, কতই সুন্দর।
শোকে দুঃখে তাই, কত সুখ পাই,
তোমাতে হৃদয় রাখি,
তোমার ভুবনে, তোমার লাবণ্য
দেখিয়া জুড়ায় আঁখি ;
আনন্দামৃতে উথলে অন্তর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিন্দা, অপবাদে, হাসি পায় মনে,
পাপ হ'তে যাই স'রে,
হৃদয় আমার, স্নিগ্ধ রহে সদা
তোমার করুণা স্ম'রে ;
তুমি হে আমার চির-নির্ভর।

মেঘ-মল্লার—একতালা।

৩৩

নিভৃতে মিলন।

তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে।

ধীরে ধীরে বুঝ তাঁরে, অতি ধীরে ধীরে।
তাঁর প্রাণ-বেণু মিশে প্রাণে নিশীথ-সমীরে।
নিভৃতে সে আসে, নিভৃতে সে যায়,
হাসি, হাসিয়া কভু হাসায় কাঁদায় ;
অনন্ত আগ্রহ প্রাণে জাগায়, রহি দূর-তীরে।

শঙ্করা—জলদ্-একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৪

সঙ্কেত।

দূরস্থং চান্তিকে চ তৎ।

থে'কো তুমি দূরে—অতি দূরে।
অমৃত-ধারা ঢালিয়ে প্রাণ-পুরে।
স্নেহ-আঁখি খুলে চে'য়ে রহিও,
দূর হ'তে সঙ্কেতে কথা কহিও,
মাঝে মাঝে প্রাণে বল দিও,
ধরি আলো আঁধারে।
আশ্বাসে আশঙ্কা নাহি রহিবে,
আশায় সন্তোষ প্রাণে জাগিবে,
তব নাম-সুধা সদা ঝরিবে—এক
হৃদি-ফল্গু মাঝারে।

মিশ্র-শঙ্করা—জলদ্-একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তপোবন।

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন দ্বেষ্টি ন চ কাঙ্ক্ষতি।

আমার হৃদয়-মাঝে, তপোবন রাজে,
সুন্দর মহান্।
সেথা কে একাকী ব’সে, সদা জ্ঞান-রসে
করে বেদগান।
রাগ নাহি করে দ্বেষ, হিংসা নাহি নিন্দে,
প্রেম, প্রীতি দিয়ে পূজে প্রাণ-অরবিন্দে,
ভয়, নির্ভয়ে সেথা করে অধিষ্ঠান।
দিবা রাতি সেথা পূর্ণ কৌমুদী কি ভাতে!
পুলকে সবার প্রাণ পূত-পুণ্য-বাতে!
আনন্দ-ধারা বহে নিয়ত উজান।

ইমন-ভূপালি—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধ।

আত্মা দ্রষ্টব্যঃ শ্রোতব্যশ্চেতি।

নয়ন চাহে দেখিতে তোমারে,
শ্রবণ চাহে শুনিতে বাণী।
অন্তরের প্রিয় প্রকাশ বাহিরে,
হৃদয়ের আবাহন জানি।
ভকতি ভরে করি আরাধনা
কুসুম-অঞ্জলি দিব পায়;
তুষিয়া তোমায় স্তুতি গান গাহি,
হাতে হাতে প্রাণ বর চায়।
তোমার সুন্দর প্রতিমা গড়ি,
কল্পনা চাহে ছলিতে আঁখি ?
সম্মুখে বসিয়া—দেখিতে চাহিনা—
স্তিমিত-নয়নে ধ্যানে থাকি।
সাকার আমি, তাই কি আকার—
দেখি—আমার প্রাণে বাসনা;
আমি নিরাকার,—তাই সাকার
জ্ঞানের সনে করে ছলনা ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আঁকিতে পারি না—আঁকিতে চাহিনা,
মধুর তব মূরতি-খানি।
সন্তোষ-হ্রদে ডাকি সদা প্রভু,
নামের শুধু মহিমা মানি।

যোগিয়া—একতালা।

৩৭

মরু-পথে।

পিবেচ্চ মৃগতৃষ্ণিকাম্বু সলিলং পিপাসার্দ্দিতঃ।

শ্রান্ত, ক্লান্ত, ম্লান মুখে,
ভ্রমিব, মন, আর কোন সুখে ?
(সাহারার) মরুর মতন ভীষণ বিষয়-পথে,
মৃগ-তৃষ্ণিকা যার পদে পদে।
প্রতি পদে বাড়িছে দারুণ তৃষা,
কোথা শান্তিজল মিটাতে পিপাসা ?
আছে হৃদে সরোবর, পূর্ণ কোকনদে ;—
হব না বিষণ্ণ কভু আসন্ন বিপদে।

গুজরাটী-টোড়ী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূজা নিষ্প্রয়োজন।

কং সেব্যং সেবকং কং বা দৃষ্ট্বা নির্ব্বক্তুমক্ষমঃ।

পূজার নাহি প্রয়োজন।
আড়ম্বর শুধু বিড়ম্বন।
প্রাণ মহাপ্রাণে অতি গূঢ় যোগ,
চাহে নাক তাঁরা বাহ্য সম্ভোগ,
কেন কর তবে বৃথা আয়োজন।
সেবকের ভাব দেখ কি স্বজনে?
সবাই সমান প্রীতির বন্ধনে,
কারে পূজিবারে কর আবাহন?
কারে ডেকে আন? কারে যেতে বল?
এমনি হয়েছে মায়ায় বিহ্বল?
কর তুমি পর, যে জন আপন!
পূজিবার সাধ যদি থাকে মনে,
পূজ আপনারে অন্তরে গোপনে,
দিও নাক তাঁরে কভু বিসর্জ্জন।

বেহাগ—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৭

পিঞ্জর।

সর্ব্বদ্বারাণি সংযম্য মনো হৃদি নিরুধ্য চ।
যঃ প্রযাতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্॥

রুদ্ধ করিয়া সকল দ্বার খুলে রেখেছি একটী।
অমনি প্রাণের সুষমা রাশি উঠিছে কেমন ফুটি।
সে দ্বার দিয়া প্রাণে লাগে বায়,
সে দ্বার দিয়া সদা আসে যায়,
আমার প্রাণের পাখিটি।
সে দ্বারে প্রবেশে শুভ্র জোছনা,
সে দ্বারে প্রবেশে দিব্য ললনা,
পারিজাত-সৌরভে লুটি।
স্বরগ-গীতি শিখায়ে যতনে,
অমৃত ভাণ্ড রাখিয়া গোপনে,
কোথায় সে লুকায় ছুটি।
সে দ্বার দিয়া, আসিলে সময়,
যাব চলিয়া প্রশান্ত, নির্ভয় ;—
রহিবে প'ড়ে পিঞ্জরটি।

ভৈরবী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪০

না জেনে জানা।

নাহম্ মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদ চ।

জানি আমি সে কেমন।
না পেল আঁখি তাঁর দরশন।
(সে যে) নিরুপাধি-জ্ঞান, জগৎ-কল্যাণ,
অনন্ত-আনন্দ, পূর্ণ-অধিষ্ঠান,
কেমনে বুঝিবে তাঁহারে করণ।
বাসনা ছুঁইতে চায় তাঁহার চরণ,
রসনা গাহিতে চায় মঙ্গলাচরণ,
ধ্যান চাহে তাঁরে করিতে ধারণা,
রূপ নিরূপণ করে উপাসনা,
একি বিড়ম্বন!

কাফি—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুকরণ।

তমেব ভান্তমনুভাতি সর্ব্বং।
তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি।

তুমি না হাসিলে হাসে না ভুবন,
চন্দ্রমা তপন শোভে না গগনে।
তুমি না ফুটিলে ফুটে না কুসুম,
ছুটে না ভ্রমর গহন কাননে।
তুমি না গাহিলে গাহে না পাখী,
কহে না ত কথা মানবগণ,
তুমি না চলিলে চলে না জগৎ
করে না সরিৎ সাগরে গমন ;
তুমি না ভাতিলে ভাতে না তড়িৎ,
গরজে না মেঘ, বর্ষে না ধারা,
তুমি না বাসিলে বাসে না ভাল,
কারো প্রেমে কেহ দেয় না সাড়া ;
বহে না পবন, জীবের জীবন,
তোমার মঙ্গল আদেশ বিহনে।

বিহারি—দাদরা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রবোধ।

অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ।

বুঝালেই ত আমি বুঝ মানি।
না বুঝে চাইনে হ'তে তত্ত্ব-জ্ঞানী।
আমি ত আর অবোধ শিশু নই,
গুরু খুজে খুজে হয়রান্ হই,
বল কার কাছে যাই—কে লয় টানি।
আমায় সবায় দিতে চাহে ফাঁকি,
কারে অবহেলে, কারে ল'য়ে থাকি,
সবাই সেজেছে গুরু, কিছু না জানি।

ছায়ানট—ঢিমে-তেতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুণ্যের বাঁধন।

যথা লৌহময়ৈঃ পাশৈঃ পাশৈঃ স্বর্ণময়ৈরপি।
তথা বদ্ধো ভবেজ্জীবঃ কর্ম্মভি শ্চাশুভৈঃ শুভৈঃ ॥

পুণ্যের মোহ বিষম মোহ
ছাড়ান বড়ই দায়।
সোণার শিকল দেখ্‌লে প্রাণ
সেধে পর্‌তে চায়।
পাপেরে সবায় করে ঘৃণা,
পাপ সহজেই যায় চেনা,
পাপের বাঁধন, খেদের কারণ,
সহজে টুটান যায়।
পুণ্যের বাঁধ বিষম শক্ত,
আরো ক'সে বাঁধে সাধু, ভক্ত ;—
তাঁরা মুক্তি চেয়ে হয় না মুক্ত,
রহে স্বর্গে পাহারায়।
এই শুভাশুভ যত কর্ম্ম,
এই পাপ, পুণ্য, ধর্ম্মাধর্ম্ম,
টুটাতে হবে সবারি মর্ম্ম,
যাঁরা মুক্তি পানে ধায়।

আলেয়া—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৫

আত্মদ্রোহী।

অদ্য যুদ্ধং ত্বয়া ময়া।

আমি অনাচারী, অহঙ্কারী,
অবিশ্বাসী, আত্মদ্রোহী।
পাপ-করমে, সদা মরমে
বিষম যাতনা সহি।
আমি আছি ব'লে তোমার গরিমা,
অনন্ত ঐশ্বর্য্য, অসীম মহিমা,
তাই সশঙ্কিত, আশ্বাসিত প্রাণে,
তোমার ও প্রসন্ন বদন পানে,
আমি নিশি দিন চেয়ে রহি।
আমায় দিয়ে কি (প্রভু,) ~~যশঃ প্রচারিবে~~ ?
করুণা-সংগ্রামে আমায় জিনিবে ?
আমি তব বলে হয়ে বলীয়ান,
তব সনে সদা যুঝিব সমান,
তব ক্রোধানলে দহি দহি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরাজিত হবে তুমি অবশেষে,
আমি মহাদর্পী রাজ-পুত্র বেশে,
কেড়ে লয়ে ধ্বজা, তব নাম-ডঙ্কা,
বিনাশিব সুখে মরণ-আশঙ্কা,
তব জয়-গাথা কহি কহি।

ললিত বিভাস—আড়াঠেকা।

৪৫

বিশ্ব-রূপ।

সর্ব্বং খল্বিদং ব্রহ্ম।

ঘটে ঘটে বিরাজ সখা, পদে পদে পাই দেখা,
(তব) অতুল বিভব কত।
তোমার সুষমা দিয়ে, জগতে সুষমা যত।
যে বুঝে সে ম'জে যায়, বিষয়ে না ফিরে চায়,
তব প্রেম-মদিরায়, রহে সদা পানে রত।

পরজ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রেয়ঃ ও প্রেয়ঃ।

শ্রেয়শ্চ প্রেয়শ্চ মনুষ্যমেতঃ।

শ্রেয়, প্রেয় নহে ভিন্ন, দোঁহে একে লয়;
(সে যে) প্রেয় প্রেমময়, সে শ্রেয় মঙ্গলালয়।
সঁপিলে তাঁহারে প্রাণ, আপনারে করে দান,
শ্রেয়, প্রেয় সহ এসে দেয় সে অভয়।
যাহা শ্রেয় তাহা প্রেয়, সমভাবে অনুষ্ঠেয়,
শ্রেয় প্রেয় মানবের নিয়ত আশ্রয়।
জ্ঞান-কর্ম্মে মহা যোগ, অনন্ত-আনন্দ-ভোগ,
কর্ত্তব্যের সাথে মুক্তি চিরদিন রয়।

ললিত—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৭

মরণে।

মা বো মৃত্যুঃ পরিব্যথাঃ।

ডরে না ত প্রাণ মম, ও শমন তোমা হেরি।
এস সখা, প্রিয় সখা, ক'রো না ক'রো না দেরি।
তব সনে সম্মিলনে, অমৃতেরি নিকেতনে,
প্রেমানন্দ-পূর্ণ মনে যাব চলে হুহুঙ্কারি।
কে বলে মরণে ক্ষয়? মরণ মঙ্গলময়,
মরণ অমৃতে লয়, জানি আমি, ব্যথাহারি!
কেহ ত হয় না মৃত, এক হ'তে শত শত,
জন্ম লভে অবিরত, এমনি বিধান তাঁরি।
মরিয়ে অমর হ'ব, নিজ মাঝে মিশে র'ব,
সব কর্ম্ম সম্বরিব, যাব না আপনা ছাড়ি।

জয়জয়ন্তী—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৮

আত্ম-রতি।

আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে।

লিঙ্গোপাধির ধার ধারি না,
যা পাই তাই বলে ডাকি।
নীরবে একাকী ব'সে ব'সে,
মনে মনে তোমায় আঁকি।
উপাসনা, ধ্যান, ধারণা যত—
একে একে সব হয়েছে গত,
আমি আপ্ত-কাম, আমি আত্ম-গত,
সতত তোমারে ল'য়ে থাকি।
আমি দেহে আছি, কি দেহহীন—
সে জ্ঞান ক্রমেই হ'তেছে ক্ষীণ,
করম-বন্ধন টুটে দিন দিন,
কেমনে আমায় দিবে ফাঁকি ?

মিশ্র-বাঁরোয়া—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৪৯

মিলনে।

যো যস্য হৃদ্যো নহি তস্য দূরম্।

পরাণে পরাণে মিলিব দু'জনে,
মাঝে বিশ্ব যদি রহে ব্যবধান।
মিশে' ভাবে ভাবে, এক হয়ে যাবে,
অহঙ্কার হবে চির অবসান।
আমি হব তুমি, তুমি হবে আমি,
ভিন্ন ব্যক্তিত্বের র'বে না সন্ধান।
গুণহীন হ'য়ে, সত্ত্বাধীন র'য়ে,
সাধিব নিয়ত বিশ্বের কল্যাণ।
এ মহা-মিলনে, অনন্ত জীবনে,
লভিব দু'জনে আনন্দ-নির্ব্বাণ।

খাম্বাজ--জলদ-একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চাহি।

আত্মৈবেদং সর্ব্বং। যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিৎ।

আমি আমারে চাহি কেবল।
কে আমি? কোথা আমি? আমি প্রকৃত, কি ছল?
শান্তির আশে পূজি আমি কত দেবতায়;
শূন্য পানে আকুল প্রাণে ডাকি কত মায়;
কৈ কেহ ত করে না দয়া
কা'রো ছায়া প্রাণে পশে না,
ঘোর নিরাশায় প্রাণ ভেঙ্গে যায়,
আর ত যাতনা সহে না;—আমি হয়েছি বিকল।
কা'রো কাছে আর মাগি না বর,
আর কা'রো কাছে চাহি না শান্তি,
ও যে মনের বিষম ভ্রান্তি
এতদিনে বুঝেছি সকল:
আমি আমারি আপনা,
আমি আমারি সম্বল।

ইমন-কল্যাণ—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুণ্যের পরিণাম।

নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন। নৈষ্কর্ম্ম্য-সিদ্ধিং গচ্ছ।

পাপের ভার নয় রে গুরু,
পুণ্যের বোঝা গুরু অতি!
প্রথম বইতে লাগে ভাল,
চরমে বিষম দুর্গতি।
শুভ করমে স্বরগ ভোগ,
করম ক্ষয়ে মনঃক্ষোভ,
আবার স্বরগে যেতে লোভ,
কেন হৃদে করে বসতি?
শুধু উঠানামা কু-সাধনা,
মায়ার ভীষণ প্রতারণা,
তাতে বাড়ে নিত্য বিড়ম্বনা,
হয় না আত্মার উন্নতি।

ঝিঁঝিট-খাম্বাজ—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্ন্যাস।

ন মাং কর্ম্মানি লিম্পন্তি, ন মে কর্ম্মফলে স্পৃহা।

ছেড়ে দে ছেড়ে দে মোরে,
জানিতে চাহি না তোরে,
আপনি হৃদয়ে জাগে সন্ন্যাস-বাসনা।
শ্মশানে, বিজন বনে,
বসিয়ে নিরুদ্ধ মনে,
চাহি না করিতে তোর রূপ-উপাসনা।
নামামৃত করি পান,
রাখিতে চাহি না প্রাণ
চাহি না লভিতে দয়া—অলস-কামনা।
নিজ জ্ঞানে কর্ম্মযোগী,
নহি কিন্তু ফলভোগী,
একাকী জীবন ব্রত করিব সাধনা।

মিশ্রমল্লার—মধ্যমান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মরণ।

ধ্রুবং জন্ম মৃতস্য চ।

জানি মরণ কিছু নয়।
তবু মরিতে কেন, কিসের লাগি যেন
লাগে ভয়।
দেহের খিচুনি কৃচ্ছ্র, রুদ্ধ শ্বাস,
তা দেখে কি তোর লাগে প্রাণে ত্রাস ?
বাঁধন কাটিতে জীবের প্রয়াস,
ও আয়াস কত আনন্দময়।
পরিবর্ত্তন করিতে নিজ বেশ,
দেহান্তরে জীব করিবে প্রবেশ,
জীবনে মরণে পার্থক্য বিশেষ
নাহিক,—অশেষ রহস্যময়।
নিজ কর্ম্মার্জিত পরিচিত স্থান,
সেথা একা সুখে করিবে পয়াণ,
ভিন্ন ব্যক্তিত্বেও সত্তা বিদ্যমান,
নিয়ত সমান-ভাবেই রয়।

বেহাগ—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন-ভেলা।

ত্বং হি নঃ অবিদ্যায়াঃ পরং পারং তারয়সি।

কাল সাগরের তীরে, নিমিষের তরে ধীরে,
লেগেছে আমার জীবন-ভেলা।
আমি কোথায় ছিলাম ? এবে কোথায় এসেছি ?
আর কোথা ভেসে যাব—ভাবি এ বেলা।
কত কোটী কোটী যুগ ধরি,
কত গ্রহ, উপগ্রহ তরি,
চলেছি মরিয়া, আবার বাঁচিয়া—
খেলিয়া খেলিয়া কত কি খেলা।
কভু পড়ি পাপ-আবর্ত্তনে
ঘুরি ঘুরি সহস্র ঘুর্ণনে,
রয়েছি ডুবিয়া, আপনা ভুলিয়া,
আদেশ জ্ঞানের করিয়া হেলা।
কভু বা সুধীর পুণ্য-বাতে,
অনন্ত পথে জোছনা রাতে,
চলেছি ভাসিয়া, আনন্দে গলিয়া,
হেরিয়া হেরিয়া বিশ্বের মেলা।

ভৈরব—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংশয়।

সংশয়াত্মা বিনশ্যতি।

কেন করি উপাসনা,
ধ্যান, ধারণা, নাম-কীর্ত্তন ?
একি কেবলি জল্পনা, অসার কল্পনা,
মায়ার ছলনা, মোহের স্বপন !
কে তবে প্রাণে বরষে করুণা ?
কে তবে প্রাণে দেয়গো সান্ত্বনা ?
আমার প্রাণের অনন্ত কামনা
পূর্ণ হবে জানি, ধন্য হবে জীবন।

সোহিনী-বাহার—ঝাঁপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চির-সাথী।

পিতাসি লোকস্য চরাচরস্য ত্বমস্য পূজ্যশ্চ গুরুর্গরীয়ান্।

সুখে দুঃখে ডাকি তোমায়, কে তুমি বল ?
তুমি সাথের সাথী, প্রাণের সখা
অসহায়ের সম্বল।
তুমি জড় কি জীব, জগতের শিব,
পাইনে তোমারে ধ্যানে,
কল্পনা হারে—মূরতি তোমার
জাগা'তে প্রাণে ;
তবু সুখে ডাকিলে পরে সন্তোষে ভরে প্রাণ,
দুঃখে—অভয়-বাণী, বিপদে—পরিত্রাণ.
তুমি ধনীর ধন, মানীর মান তুমি জ্ঞানীর জ্ঞান ;
তুমি বহুরূপাধার, তবু নিরাকার,
এ কি হে তোমার অপার কৌশল।
নিরুপাধি তুমি বাহ্য-সত্তা হীন,
কেমনে বুঝিবে তোমারে এ দীন ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তবে কি আমার প্রেম, উপাসনা,
সকলি চিত্তের উদ্ভ্রান্ত কল্পনা ?
বল না—আমার আকুল বাসনা
হবে সফল কি বিফল ?

সুরট-মল্লার—একতালা।

৫৭

পুরুষ প্রকৃতি।

স ইমমেবাত্মানং দ্বেধাঽপাতয়ৎ।

কি মহা স্বপন-সুখ, খেলিছে পুরুষ-প্রাণে !
সাকার সুষমা ধায় নিরাকার প্রেম-পানে !
আপনি পুরুষ আজি, জাগায়ে মিলন-আশা ;
আপনি প্রকৃতি সাজি, প্রকাশিছে ভালবাসা ;
কার্য্য-কারণের মালা পরি' গলে অভিমানে।

সাহানা—ঝাঁপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিবর্ত্তন।

অজোঽপি সন্নব্যয়াত্মা।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া।

স্থূল দেহের তবু আছে প্রয়োজন,
অতনু হ'য়ে যদি রহে জীবন।
অব্যক্ত চৈতন্য একা আপনারে
নাহি পারে কভু নিজে জানিবারে ;—
তাই কি প্রকৃতি-কল্পনা-বিকারে
আপনারে জড়ে করে আনয়ন ?
চিৎ-শক্তি ব্যোমে হয়ে পরিণত,
সঙ্কোচে প্রসারে নিত্য অবিরত,
সুপ্তি জাগরণ হয়ে সম্মিলিত,
মুহুর্মুহুঃ ঘটে প্রলয় সৃজন।
কোটী বিশ্ব ফুটে মহাশূন্যাধারে,
চাহে "এক" সনে পুন মিলিবারে,
অনন্তের পানে অনন্ত-আকারে
ভীমবেগে ধায় করিয়া বর্ত্তন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জড় পরমাণু মিলন-সংক্ষোভে,
ভিন্ন ভিন্ন রূপে চৈতন্য সম্ভোগে,
প্রাণী হ'য়ে পুন অহঙ্কার যোগে
"আমিত্বের" তরে করে ঘোর রণ।
আমিত্বের জ্ঞানে বাড়ে অহঙ্কার,
আমিত্ব বিস্তারে রহে না ক আর,
ভাবে, জ্ঞানে, "বহু" হ'য়ে একাকার
"এক" সনে হয় আনন্দে মিলন।
ব্যষ্টিভাবে সৃষ্টি সদাই চঞ্চল,
মৃত্যু, জন্ম, হাসি, শোক, কোলাহল,—
সমষ্টি-সদ্ভাবে নিষ্কম্প, নিশ্চল,
চৈতন্যের শুধু বিরাট-স্বপন।
তবে কেন দুঃখ নৈরাশ্যের ভীতি ?
ব্যক্তিত্ব বিলোপে পূর্ণজ্ঞান-ভাতি
মহাচিদাকাশে রাজে দিবারাতি,
সোঽহম্ সঙ্গীতে কাঁপে ত্রিভুবন।

বিভাস—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মবৈরী।

আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ।

কেহ ত বৈরী নয় আমার,
আমিই আপন অরি।
আমি নিজেরি করম জালে
নিজেই জড়িয়ে পড়ি।
এক আমি বহু হই, জগতে মিশিয়ে রই,
কত না যাতনা সই, জ্ঞান বিস্মরি।
আত্ম ভেবে আসে যারা, পর হ'য়ে ফিরে তারা,
পাই না কাহার সাড়া, আতঙ্কে মরি।
রবে না দুর্গতি আর, হবে ব্যাধি-প্রতিকার,
ভাঙ্গি যদি অহঙ্কার, মায়া সম্বরি।
জ্ঞানের উদয় হ'লে, মিথ্যা বিশ্ব যাবে চলে',
কাটিব শিবোঽহম্ বলে একা শর্ব্বরী।

গৌরী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬০

নামে রুচ

রসো বৈ সঃ।

সে নামে রসনা লোলুপ ;
কত স্বাদ পায় তাতে মন-মধুপ।
দেহের কষ্ট. প্রাণের গ্লানি, হোক্ না ;—তাতে কার হানি ?
তাঁরে নিত্য জ্ঞানে জানি সে যে অপরূপ,
মধুর মধুর তাঁর মধুর স্বরূপ।

আশাবরী—কাওয়ালি।

৬১

ফাঁকা কথা।

ময্যেব মন আধৎস্ব, ময়ি বুদ্ধিং নিবেশয়।

ছুটো মুখের ফাঁকা কথা দিয়ে
চাহ তাঁরে কোন্ প্রাণে ?
সে যে মনে রাখে, মনে থাকে,
মনে মনে মন জানে।
স্তব, স্তুতি খোসামুদি সে ত নাহি চায় ;
ভুলে না কখন সে ত মুখের কথায় ;
কেমনে লভিবে তাঁরে বিনা আত্ম-বলিদানে ?

খাম্বাজ—দাদরা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্যাগ।

ত্যাগাচ্ছান্তিরনন্তরম্।

(আমি) তব অনুরাগে বিষয়-বিরাগী।
তব অনুরাগে সংসার ত্যাগী।
তব প্রেম প্রলোভনে,
ভুলিগেহ পরিজনে,
রহি একমনে সদা তব লাগি
ফাঁকি দিয়ে যাও কোথা ?
শ্রান্ত ক্লান্ত হর ব্যথা,
(আমি) মহা শূন্য মাঝে নহি শূন্য ভাগী।

রামকেলী—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৩

সুষমা-চোর।

জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।

হরি, তুমি কি ধন হর ?
জগতের শোভা চুরি করি
হয়েছ কি সুন্দর ?
তোমার নয়ন জ্যোতিঃ
পাপ-মলিনতা হরে ;
কলঙ্ক, কালিমা যায়
তুমি পরশিলে করে,
তোমার রূপের ছটায়,
গুণের আভায়,
(আমার) উজলে হৃদি-কন্দর।

সুরট—টিমেতেতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বর্গ।

স্বাত্মানুভূতিঃ পরমা প্রশান্তিঃ তৃপ্তিশ্চস্বর্গ ইতি।

কোথায় স্বরগ ? খুঁজিব কোথায় ?
কোন ভুবনে ?
এইত স্বরগ—বিরাজে আমার
হৃদে গোপনে।
জগতের সুষমা রাশি,
হৃদয়-ভূমে মিলে আসি,
তাই এত ভালবাসি,
জগত-জনে।
আর্ত্ত প্রতি সমবেদনা,
পরহিতে শুভ-কামনা,
প্রাণে ঝরে নিত্য-করুণা
আনন্দ সনে।

মিশ্র-বিভাস—ঝাঁপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধনা।

জ্ঞানং লব্ধ্বা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি।

জ্ঞানে জানিবে বল তাঁরে কেমনে ?
সে জ্ঞানীর জ্ঞান, অজ্ঞানীর ধনে ?
তোমার নয়ন, শ্রবণ, মন, জিভ্, ত্বক, নাসা,
পারে কি মিটাতে কভু জ্ঞানের পিপাসা ?
বন্দী হ'য়ে আছ তুমি করণ-বন্ধনে।
মিহির-ছায়া পরে যেমন শিশির-মুকুতায়,
মুক্ত, বুদ্ধ হলেরে মন, আত্ম-সাধনায়,
চাঁদের মতন জ্বল্‌বে তুমি জ্ঞান-কিরণে।

খাম্বাজ—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন।

বিকৃতি র্জীবিত মুচ্যতে বুধৈঃ।

জানি জীবন কিছু নয়।
তবু বাঁচিতে কেন, হৃদয়ে জাগে হেন
আগ্রহাতিশয়।
এ জীবন শুধু বৃথা হাহাকার,
শূন্য আস্ফালন কি বাতুলতার!
অন্ধজীব তুমি বুঝিবে কি তার,
বন্ধন মায়ার—রহস্যময়।
ভ্রমিয়া নিয়ত সুখের নেশায়,
কর্ম্ম-জালে জীব আপনি জড়ায়,
বাসনা নিয়ত বাসনা বাড়ায়,
দূরে যায় মুক্তি পেয়ে অভয়।
মরণের কোলে শান্তি লভিবারে,
চাহে জীব তাই—ভ্রমে অন্ধকারে;
জ্ঞানোদয়ে ভ্রান্তি ক্রমে অপসারে,
ঘুরে ঘুরে করে করম ক্ষয়।

বেহাগ—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৬৭

অক্ষমতা।

ভবদাস্যং বিনা নাথ, ন জীবামি ক্ষণং বিভো !

করুণাকর কিঙ্করে দাও সুমতি।
কেমনে বুঝি তোমায় নাহি শকতি।
জোনাকি যেমন চাহে চাঁদে জিনিবারে,
তেমনি দেব, চাহি আমি তোমা জানিবারে,
জ্বালিয়া আমার জ্ঞানের-বর্ত্তি।
কিসের ধাঁধাঁয় ঝলসে নয়ন,
আঁধার চারিধার ভয়ে ভীত মন,
তখন বুঝি তুমি অনাদি মহান্,
আমি কীটাণু সমান তুচ্ছ অতি।

ধুন—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্ম-সাধনা।

মাহং ব্রহ্ম নিরাকুর্য্যাং, মামা ব্রহ্মনিরাকরোদ্, অনিরাকরণমস্তু।

তুমি চাহ বা না চাহ তোমারে চাহিব,
তুমি শুন বা না শুন তোমারে ডাকিব,
নাথ হে, তোমারে, অন্তর মাঝারে,
প্রাণ-সখা বলে করেছি বরণ।
আমার প্রাণের প্রেম এমনি শুকাবে ?
অন্তরের হাসিরাশি অন্তরে মিশাবে ?
প্রাণের শকতি, প্রাণের ভকতি,
কেন গো বিফল হবে অকারণ ?
সুখের সময় যদি নমি তব পায়,
সুখ-পরিমাণ প্রাণে নিজে বেড়ে যায়,
ঘোর বিপদের কালে তোমারে ডাকিয়া,
আতঙ্ক, ভাবনা, ভয় দেই উড়াইয়া,
নিয়তি সনে, শঙ্কা হীন মনে,
অবিরাম অকাতরে করি রণ।
আমি জ্ঞানের উন্নতি, উৎকর্ষের তরে,
তব নাম-কল্পতরু রোপেছি অন্তরে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বসিলে বিরলে তার স্নিগ্ধ ছায়াতলে,
কতই আনন্দে প্রাণ উছলে উথলে,
তোমার করুণা, আমার সাধনা,
বর-রূপে সদা হয় বরিষণ।

ভৈরবী—যৎ।

৬৯

শমন-ভয়।

জাতস্যহি ধ্রুবো মৃত্যু ধ্রুবং জন্ম মৃতস্থ চ।

জন্মিলে মরিতে হয়, এ কথা ত বৃথা নয়,
তবে কেন শমনে ডরি ?
(সে কি) এমনি ভীষণ স্থান, যেতে নাহি চাহে প্রাণ,
তবু সকলি যায় মরি।
কেহ হেসে সন্তোষে যায়, কেহ কেঁদে কেঁদে ফিরে চায়,
কেহ দ্রুতগতি ধায়, বুকে অসি ধরি।
ও আমার অবশ মন, কেন ভয়ে ভীত অকারণ,
মরিবে না কদাচন, শতবার মরি।

সাহানা—ঝাঁপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রিয়-নিকেতন।

নাহম্ তিষ্ঠামি বৈকুণ্ঠে। মদ্‌ভক্তা যত্র তিষ্ঠন্তি তত্র তিষ্ঠামি নারদ!

কেবলে স্বরগে তুমি কর বসতি ?
রহিতে হৃদয়ে তব সদাই মতি।
স্বর্গ তুচ্ছ সঙ্কীর্ণস্থান,
তিষ্ঠে সেথা কেমনে প্রাণ ?
দেহ-রুদ্ধ চিত্তের অনন্ত বিস্তৃতি।
স্বর্গে আলো, নাহিক ছায়া,
সঙ্গ-লিপ্সায় নাহিক কায়া,
নাহিক বৈচিত্র সেথা, জানে বিস্মৃতি।
তুমি ভক্তের ভগবান,
সদাই ভক্ত গত প্রাণ,
ভক্তি না পেলেও তোমার নাহি ক্ষতি।
ভক্তের সুখে নিজসুখ,
ভক্তে কেন হও বিমুখ ?
কার শাপে বল তোমার এ দুর্ম্মতি ?

গজল—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহেশ্বর।

মহান্ প্রভুর্ব্বৈ পুরুষঃ, সত্ত্বস্যৈষ প্রবর্ত্তকঃ।

কি ভাবে বিভলা তুমি, ভোলা মহেশ্বর।
নিলাম্বর-কান্তি তব কিবা মনোহর।
এক আঁখি রুদ্র-তেজে ঝলসে ভুবন,
অপরে শান্তির জ্যোতিঃ করে বরিষণ,
কেমনে বল না দেব, করিছ পালন ?
শঙ্কিত, চকিত কভু মুগ্ধ চরাচর।
কোথাও আচ্ছন্ন বিশ্ব নিহার দুস্তরে,
কোথা শোভে নব ধরা কত শোভা ধরে,
আশ্চর্য্য ঐশ্বর্য্য তব ভাসে স্তরে স্তরে,
সৃজনে, প্রলয়ে খেলা, একি ভয়ঙ্কর।
তোমার এ লীলা খেলা মধুর ভীষণ,
আমায় দেখাতে কত তোমার যতন,
তোমার করুণা গুণে করি দরশন,
যুগে যুগে ধরি নব নব কলেবর।

মিশ্র-ভূপালি—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭২

উপাসনা।

তস্মিন্ প্রীতিস্তস্য প্রিয়কার্য্য সাধনঞ্চ তদুপাসনমেব।

দয়া-ঘন মঙ্গলময় চাহে না পূজন।
কেন মিছে পূজিতে তাঁরে কর আকিঞ্চন।
রেখে তাঁর পদে মতি, বিতর সবায় রতি,
তাঁর প্রিয় কার্য্য সদা করনা সাধন।
শ্রেয়, প্রেয় দুই পাবে, মুক্তি সাথে সাথে যাবে,
লভিবে চরমে শান্তি, অনাদি জীবন।

ললিত—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশীর্ব্বাদ।

ন মাতা শপতে সুতম্‌।

মা কি থাকে সন্তানে ভুলে।
নিজ সুতে করে হেলা, পাপী, তাপী দুঃখী বলে।
করুণা-নির্ম্মাল্য রাখ শিরোপরে,
দাও দেহ বুলায়ে মঙ্গল-করে,
মা! মা! মা! আমার,
হোক্ দেহ রোগ হীন, আপদ বালাই যাক্ চলে।
মার সোনার মুখের অভয়বাণী
দূর করে দেয় দেহের জ্বালা, প্রাণের গ্লানি;
মার কথা কেন না মানি,
ভাসি নিরাশার আঁখি জলে।

মিশ্র বাঁরোয়া—পোস্তা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৪

পরিবর্ত্তন।

দর্পণ-বিম্ববৎ অলীকং জগৎ।

যাবে একে একে সবে
কিছুইত নাহি রবে,
ভবের অভাব হবে,
কেন ভাব মন!
কার তরে কেঁদে-মর,
কে আপন কেবা পর,
মিছে শমনেরে ডর,
কেন অকারণ?
আপনারে চেয়ে দেখ,
তুমি ছাড়া নাহি কেহ,
সকলি মায়ার গেহ,
মোহের স্বপন।

প্রভাতি—কাহারবা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খেলা।

তিষ্ঠতি

ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়াণি মায়য়া।

সাধের খেলায় দেখি কে জিনে হারে।
আমায় আনিতে ধরায় বলেছিল কে তাঁরে ?
পথে পথে বাঁধা, বিঘ্ন প্রলোভন,
আমায় দেখে তারা বল কি কারণ,
ভয়ে ভয়ে লুকায় চারি ধারে।
প্রতারিতে শেষে কতই যতনে,
সুখের মাঝে দুঃখ রাখিল গোপনে,
আমায় পারিল কি ছলিবারে ?
দোঁহার হাতে আছে জ্ঞানের বর্ত্তি,
কাহারে দেখিতে কারো নাহি শকতি,
কেমনে বুঝিব কে অন্ধকারে।
আর কেন ছাড়, লুকোচুরি খেলা,
দুজনে মিলিয়া—এস যাই একেলা,
খেলিতে আপন গৃহ-মাঝারে।

খাম্বাজ—ঠুংরি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্থূলদেহ।

যদ্ভূতং যচ্চভাব্যং বৈমূর্ত্তামূর্ত্তং তথৈবচ।
সর্ব্বমেব জগদিদং বিবৃতং পরমাত্মনি।

স্থূল দেহের আছে কোন প্রয়োজন?
অতনু হয়ে যদি রহে জীবন।
ভ্রূণ হয়ে জীব জননী-জঠরে,
ক্ষণকাল তরে কেন বাস করে?
প্রসবের কালে শিশু নাম ধরে
ধরাতলে পরে করিয়া ক্রন্দন।
জঠর মাঝারে কেহ রয় মরে,
কেহ হয় গত প্রসবের পরে,
কেহবা কৈশরে লীলা সাঙ্গ করে,
কারো বা যৌবনে, বার্দ্ধক্যে মরণ।
তুচ্ছ শত-বর্ষ আয়ু পরিমাণ,
সেই আয়ু পায় বল ক'টি প্রাণ?
জীবনের লক্ষ্য না হতে সন্ধান
অসময়ে মৃত্যু করে আক্রমণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুখের সংসার হয় ছারখার,
মহা শোকে লুটে শত পরিবার,
গেহে গেহে করে সদা হাহাকার
মৃতকের প্রিয় আত্মীয় স্বজন।
জীবন অনন্ত, আত্মা অনশ্বর,
জীব ব্রহ্ম যদি অভেদ-অন্তর,
কেন আত্মা রহি দেহের ভিতর
বার বার মৃত্যু করে আলিঙ্গন ?
কেহত জন্মে না, মরে না ত কেহ,
মায়ার স্বপন জান স্থূল দেহ,
হলে তত্ত্বজ্ঞান ভেঙ্গে যায় মোহ,
এক আত্মা রাজে ব্যাপিয়া ভুবন।

মিশ্র-বিভাস—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭৭

তুমি।

নৈব স্ত্রী, ন পুমানেষ, ন চৈবায়ং নপুংসকঃ।

তুমি মা কি বাবা পাই না ভেবে,
আমি তোমার হাবা ছেলে।
কোন প্রাণে তুমি রহিবে দূরে
আমায় একাকী ফেলে।
ভক্তি ভরে ডাকি তোমায়, স্নেহে প্রাণ ভরে যায়,
আমি শিশু অসহায়, কোথা যাবে অবহেলে।

রাম-প্রসাদী—একতালা।

৭৮

দাতা।

স দদাতি অজস্রং, ন গৃহ্লাতি কিঞ্চিৎ।

নিতে এসে দিয়ে যায়,
তাঁর মত দাতা কেবা?
অলক্ষ্যে আড়ালে থাকে,
চাহে না সে কারো সেবা।
তাঁহার গোপন দানে, জীব আপনারে জানে,
আনে ঋদ্ধি, সিদ্ধি প্রাণে, ফুটে বিশ্বে নব আভা।

পিলু—ঝাঁপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানের অজ্ঞতা।

বিক্ষেপাবরণশক্ত্যাঃ স্বাত্মজ্ঞানং ন স্ফুরতি।

ধন্য তোমার মহিমা বিভু,
ধন্য তোমার করুণা।
আপন অজ্ঞতা জানিয়া জ্ঞানে
পেয়েছি প্রাণে সান্ত্বনা।
তপন যেমতি প্রকাশে মেঘে
ঢাকিয়া আপন মূরতি,
তেমতি কি জ্ঞান বিস্তারে মায়া
আবরি আপন বিভূতি ?
তাই কি সংবিৎ পারে না আমায়
করিতে ধারণা।

হাম্বীর—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহা-নিমন্ত্রণ।

পিতুরামন্ত্রণে সর্ব্বে সোদরা যান্তি না পরাঃ।

নিমন্ত্রিত সবে এসেছে, হে পিত,
তোমার চরণে লভিতে প্রসাদ।
কেহ যেন কভু না যায় ফিরিয়া,
কারো প্রাণে যেন না আসে বিষাদ।
অগণিত নর, নারী ভ্রাতা, ভগ্নী মম,
তারা অতি সুন্দর—অতি অনুপম,
চাহে একত্র বসিতে, পিতার সহিতে
লভিয়া পিতার স্নেহ-আশীর্ব্বাদ।
নানাবর্ণ, নানাজাতি, কিবা অপরূপ ভাতি,
তাদের পূত বয়ানে,
এক ওঙ্কার ধ্বনি, হবে সুখে প্রতিধ্বান,
কোটী কণ্ঠে সমতানে ;
দূর হবে অহঙ্কার, র'বে না প্রভেদ আর,
সুধা আস্বাদনে আজি মিটে যাবে বিসম্বাদ।

টোরী ভৈরবী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাপুরুষ।

মন্যুং দেহি মাং, ময়ি নিষ্করুণোভব।

অলস, কাপুরুষ আমি শঙ্কিত ত্রাসে।
কর নাথ, পদাঘাত পদানত দাসে।
মরণের আগে মরি শতবার,
সহি সদা কত লাঞ্ছনা, ধিক্কার,
কিছুতেই আমার ঘটে বুদ্ধি না আসে।
আঘাতে আঘাতে বাড়াও চেতনা,
তা না হলে দীন দশা ঘুচিবে না,
প্রাণে জাগিবে না আশা মধুর আশ্বাসে।
করো না করুণা, রাখিও বিপদে,
শোক, দুঃখ দিও নাথ, প্রতিপদে,
দেখি, বিনা সম্পদে প্রাণ কাঁদে না হাসে।

সাহানা—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করুণা-বৃষ্টি।

ধর্ম্ম-মেঘমিমং প্রাহুঃ সমাধিং যোগ-বিত্তমাঃ।
বর্ষত্যেষ যতো ধর্ম্মামৃত-ধারাঃ সহস্রশঃ।

ঝর্ ঝর্ ঝর্ করুণা ঝরে,
আমার হৃদয় ভ'রে,
তাপিত ধরা হয় সুশীতল।
আনন্দে ঘুমাই সমাধি-কোলে,
ভাঙ্গে না সে ঘুম সংসার-রোলে,
কত সুধা মিলে সেথা সুনির্ম্মল।
জাগিলে আবার সংসার-মরু,
হয় অতি সুন্দর—অতি চারু,
চারি ধারে বহে দিব্য পরিমল।
শোভে জল স্থল ফুলে কি ফলে,
স্বচ্ছল-সন্তোষে হাসি উছলে,
পুণ্যের লাবণ্য ঝরে অবিরল।

মাঝ-খাম্বাজ—কাহারবা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিস্মৃতি।

শোচন্তি যে জনা মূঢ়া জ্ঞানিনো ন চ শোচন্তি।

ভুলে ভুলে যাই বলে জীবন মধুর এত
বিস্মৃতি-পীযূষ-ধারা করে ধরা সঞ্জীবিত।
মর্ম্মন্তুদ মহা দুঃখে, হাসি আমি কোন মুখে ?
রহি না ত চির দিন সমভাবে বিষাদিত।
পাপের অসহ্য ভার ভুলে যাই বার বার,
মাঝে মাঝে পুণ্য এসে বরষিলে আশামৃত।
দাব-দগ্ধ-মরুভূমি, করুণা-মলয়া চুমি,
নন্দন-কাননে হয়, পুনরায় সুশোভিত।
নহি আমি ভাবাধীন, জ্ঞানে ভাব চির লীন,
আত্মার মঙ্গল বরে জ্ঞান সদা জাগরিত।
বিস্মৃতিরে লয়ে বুকে, থাকি আমি মহা সুখে,
অতীত কাহিনী জানি হই কত আনন্দিত।

ধুন্—ঝাপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্ম-পরিচয়।

আত্মানং বিদ্ধি দ্বৈতেন।

আমার মনের গড়া মা,
আমায় গড়াও দেখি ?
চিন্ময়ী হওগো মা,
আমার প্রাণের রেণু মাখি।
সাধকের গুপ্ত সাধনা-শক্তি,
জাগায় প্রাণে করুণা, ভক্তি,
আপনি আনে আপন মুক্তি,
যুক্তি, তর্ক দূরে রাখি।
সেজেছি তব অবোধ তনয়,
হাতে ধরে দাওগো অভয়,
দ্বিত্ব বিনা আত্ম-পরিচয়,
হয় কি মাগো একাকী ?

পূরবী—জলদ-একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশ্বাসে বিশ্বাস।

অন্তঃশরীরে জ্যোতির্ময়োহি।

সংসার পাথারে, একাকী আঁধারে,
ডরে না ডরে না প্রাণ।
তোমারে ডাকিয়া, শ্রবণে শুনিয়া,
গাহি তব যশোগান।
মধুর আশ্বাসে, মধুর বিশ্বাসে,
পূরিত আমার জ্ঞান।
নহ তুমি দূরে, মম অন্তঃপুরে,
কর সুখে অধিষ্ঠান।
তোমারে জানিয়া, তোমারে মানিয়া,
থাকি সদা সাবধান;
[illegible]র্প, প্রলোভন, করে পলায়ন
হ'য়ে ভয়ে ম্রিয়মাণ।

ললিত—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিত্য-সংসার।

অনিত্যে নিত্যং সংবেদ।

অনিত্য সংসার বলে, আর হাহাকার করোনা।
মায়ার খেলা, ভবের মেলা, চিরদিন রবে না।
অনিত্য সংসার বলে, জন্ম তব ধরাতলে,
তা না হলে কি তোমায় কেহ করিত কভু গণনা।
অনিত্য সংসার বলে, হাসি মিলে অশ্রু জলে,
পরের দুঃখে পরাণ গলে, পাসরি নিজ যাতনা।
অনিত্য সংসার বলে, ভাটায় জোয়ার খেলে,
পাপের পর পুণ্য উছলে, ক্রোধের পর করুণা।
অনিত্য সংসার বলে, হেসে ফুল পড়ে ঢলে
চাঁদ ঘুমায় বাদল কোলে, আঁধারে ফুটে জোছনা।
অনিত্য সংসার বলে, কোথা তুমি যাবে চলে,
দেহের ভার হেলায় ফেলে, নাইক তার ঠিকানা!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিত্য সংসার বলে, কোটীবার মৃত্যু হলে,
আবার তুমি আস্‌বে চলে, থাক্‌লে প্রাণে কামনা।
অনিত্য সংসার বলে, জীব ভাগ্যে মুক্তি ফলে,
মায়ার বাঁধ আপনি খুলে, নিত্য সনে হলে চেনা।

পীলু—যৎ।

৮৭

সুন্দর।

শান্তঃ শিবং সুন্দরম্।

তাঁর চেয়ে কেউ কি আছে সুন্দর ?
তাঁর রূপালোকে পুলকে সদা অন্তর।
তাঁর নামের গানে, শান্তি ঢালে প্রাণে,
অবিরাম ;
সে যে আমার প্রাণ-প্রিয়, প্রাণ-সখা,
প্রাণারাম ;
শান্ত, শিব, মধুর সে আনন্দ-আকর।

লগ্নী—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮৮

নিবৃ'ত্তি।

কদাচন ন ম্রিয়তে জ্ঞান-বিজ্ঞান-তৃপ্তাত্মা।

নির্বৃ'তি-প্রশান্ত-ভাব জাগিলে হৃদ্-মাঝারে।
প্রবৃত্তি-স্পন্দন যায় নিভিয়া জ্ঞান-আধারে।
নিষ্কাম-করম-যোগে,
প্রেমানন্দ উপভোগে,
স্থিরগতি-জীবনে কেহ প্রলোভিতে নারে।
পাপ-পুণ্য-পথ ছাড়ি,
সুখ দুঃখ অপসারি,
নির্ভরে চলে যায় মরণের পরপারে।

বাগেশ্রী—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কান্তভাব।

কান্ত-ভাবৈ যে ভজন্তে তে বরিষ্ঠা ন সংশয়ঃ।

কান্ত ভাবে আছ তুমি
কিন্তু নহ কান্তা শরীরে।
ভ্রান্ত সাধক সে, খুজে যে
তোমায় বিগ্রহ-মন্দিরে।
সান্তে কি প্রশান্ত কভু
হয় গো অনন্ত জ্ঞান ?
শঙ্কিত, কুঞ্চিত হ'য়ে
সহে শুধু অপমান ;
বাড়ে অনুরাগে ঘৃণা প্রাণে ধীরে ধীরে।
শান্ত, দান্ত হলে মন,
নির্ম্মলা ভকতি জাগে ;
প্রীতি-ভরে চাহে তাঁরে
কত নব অনুরাগে ;
প্রাণে প্রাণ মিশে যায় সমানত শিরে।

খাম্বাজ—দাদরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেম।

প্রেমমাত্মরূপং ত্বং হি বরেণ্যং।

হরি, তোমায় ভালবাসে
আপনা হতে আমার প্রাণ !
আমি তোমারি হরি,
চাহিনা ক প্রতিদান।
তুমি শূন্য মাঝে অন্ধকারে,
একাকী বসতি কর,
কেউ কি তোমার নাই আপনা,
সকলি তোমার পর,
এস তবে প্রাণ-সখা,
হৃদে তোমায় দিব স্থান।
অগুণে আরোপি গুণ,
দেখাব কত ভালবাসি
নিরাকারে আকার দিয়া
বাড়াব সৌন্দর্য্য-রাশি ;
য়শোহীনে যশ দিয়া
গাব তব যশো গান।

কালেংড়া—আদ্ধা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯১

দুঃখের সুখ।

সুখাৎ দুঃখমতিরিচ্যতে।

সুখের সুখে নাইক নেশা,
দুঃখের সুখে মজা ভারি।
তাই কি দুঃখের পায়ে ধরে,
সুখের সনে পাতি আড়ি!
যতই দেহ যায় ভাঙ্গিয়া,
যতই প্রাণ যায় দমিয়া,
যতই স্মৃতি যায় মুছিয়া,
ততই যায় আনন্দ বাড়ি।
পরের দুঃখে মরমে ব্যথা,
অমন সুখ কে পায় কোথা!
বিষাদে সুখী যে জন সদা
ধন্য জীবন কেবল তাঁরি।

ঝিঁঝিট-খাম্বাজ—খৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মায়ের শাসন।

ন শক্যতে শাসিতুমম্বা।

কেমন ক'রে শাসন করে মা ত জানে না।
মার কথায় হাসি, প্রাণে প্রেম,
মার কাজে করুণা।
মার মুখে কখন অভয়-বাণী
কখন সান্ত্বনা।
তাই অবোধ সন্তান তাঁর,
হেলায় খেলায় বার বার,
রোগে শোকে পাপানলে,
সাধ ক'রে ক'রে জ্বলে,
আর মার নামে অপবাদ
করে ঘোষণা।

কালেংড়া—জলদ-একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনাদি কবি।

কবিং পুরাণমনুশাসিতারং।

হাসি হাসি সুখে ভাসি,
রাশি রাশি ফুল ফুটে।
ভালবাসি বলে অলি,
দলে দলে মধু লুটে।
জোছনা বিতরে চাঁদ,
পাতিয়া প্রেমের ফাঁদ,
মানে না লাজের বাঁধ,
কোকিল কুহরি উঠে।
আনন্দে মলয়া বায়,
পরিমল মেখে গায়,
ঢুলে ঢুলে চলে যায়
বীচিমালা দোলে তটে।
সে কিরে অনাদি কবি,
অনন্ত জ্ঞানের রবি!
আঁকিয়া হৃদয়-ছবি,
প্রকাশে প্রকৃতি-পটে।

আলেয়া—ঝাপ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৪

পরকে ?

উদারচরিতানাস্তু বসুধৈব কুটুম্বকং ।

পরের তরে প্রাণ কেন গো কাঁদে ?
পরের ভাবনা কেন ভেবে মরি ?
পরকে আপন করিতে যতন,
পর তরে ধন করি আহরণ,
পরের লাগিয়া—আমি জীবন ধরি ।
দেশী কি বিদেশী জানা কি অজানা,
ভালবাসি সবে জানিয়া আপনা,
আমি জগৎ-বন্ধু—নহি কারো অরি ।

মিশ্র-ভৈরবী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদাসী।

ত্যাগেনৈকে নামৃতত্ব মানশুঃ।

(আমি) সংসার প্রবাসী,
বিরাগী উদাসী,
বিষয়ে মন মজে না।
তবু অনুরাগী
সদা কাঁর লাগি,
অবশ মন বুঝে না।
করমে চিন্তনে,
আধি ব্যাধি সনে
সহি সুখে যাতনা।
পাসরিতে নারি,
সে নহে আমারি,
তবু করি সাধনা।
যোগ নহে ত্যাগ,
ভূমা-অনুরাগ,
অনন্তের ধারণা।
আনন্দে নির্ব্বাণ
লভিতে কি ধ্যান,
ভুলে যায় আপনা ?

মিশ্র-বেহাগ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৬

মহাজ্ঞানী।

একোদেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ। সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা।

জান কি তুমি কে তুমি মহাজ্ঞানি ?
কোথা হতে এলে, কোথা যাবে চলে,
একবার বল অনুমানি।
মরণের পর, হবে কি অমর,
জ্ঞানময় দেবতা ?
ঘোষ না গম্ভীরে, ভুবনে, অম্বরে
স্বরগে বারতা ;
শিখাও সবারে, বুঝিতে তোমারে
তব দৈব বাণী।

সিন্ধু—পোস্তা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৭

পূর্ণত্বের অভাব।

কুত্রলীনমিদং জগৎ ?

দেখা ত দিয়েছ নাথ, বাসনা ত মিটে নাই !
পেয়েছি তোমারে তবু আর কি লভিতে চাই ?
যা কিছু ত্রিদিবে ভবে, সকলি আমার এবে,
হৃদয়-আবেগে তবে, কার পানে ছু'টে ধাই ?
কোথায় লুকায় বিশ্ব ? কিছুই না হয় দৃশ্য,
কোথা গুরু ? কোথা শিষ্য ? ত্রিভুবনে কিছু নাই।
তুমিও লুকালে এবে, রহিব একাকী তবে ?
তৃপ্তির অতৃপ্তি হবে—সুখে সুখ নাহি পাই !
এ[illegible]রি বিশ্ব-ধারী, একাকী রহিতে নারি,
তোমা হেরি তাড়াতাড়ি আপনা পাসরি যাই।

ছায়ানট—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিকাশ।

নাহং লীয়তে কীর্ত্তনাৎ।

পাপ ভুলাতে করেছ করুণা,
পাপের হিসাব আর বলোনা
আমায় দিতে।
তাতে নবীন আগুণ, জ্বল্‌বে দ্বিগুণ
পুরাণ চিতে।
হিসাব চাহ যদি নিকাশ দিব,
গোপন কথা আমি ভেঙ্গে কহিব,
পুরাণ খাতা সঙ্গে আনিব,
পারিবে সকলি জানিতে।
তখন তোমার অনন্ত করুণা,
নিবাতে সে চিতা কভু পারিবে না,
দুঃখ রবে না, সুখ হবে না,
মরু হ'য়ে র'ব নিভৃতে।

বাউলেরসুর—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯৯

গর্ব্ব ।

বিলুপ্তং হি ব্রহ্মণি বিশ্বজাতম্ ।

কেহ ত আমার নয়, সবি দেখি তুমিময়,
তবে কিসের গরবে মরি ?
তোমার মধুর নামে, আপনারে ধরাধামে,
কেন মিছামিছি জারি করি ?
জ্ঞান-দরপণে একি, নিজ মুখ নাহি দেখি,
শুধু তোমারি ছায়া নেহারি ।
তব বলে বলীয়ান্, তব মানে অভিমান,
আমি তোমারি নাথ, তোমারি ।

মুলতান—যৎ ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মঙ্গল-জ্যোতিঃ।

তচ্ছুভ্রং জ্যোতিষাং জ্যোতিঃ।

এ ঘোর নিশীথে হেরি,
কাঁহার মঙ্গল-জ্যোতিঃ।
নাহি চন্দ্র, নাহি তারা,
নাহি কোন দীপ-ভাতি।
দিগন্ত উজলি ধবল বরণে,
কে যেন ঢালিছে স্তিমিত ভুবনে
নিস্তব্ধতা ঘোর অতি।
মিলন-সন্তোষে স্তম্ভীত কল্পনা,
পুরুষের ধ্যানে বিহ্বলা, মগনা
আজি কি প্রকৃতি-সতী।

কেদারা—মধ্যমান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০১

মায়ের-ছলনা।

কিমন্থা ছলতে স্থংম্ ?

ছেলের হাতে সন্দেশ দিয়ে,
(মা আমার,) কেন ছলিতে চাও ?
বিষয় খেল্না সাম্নে এনে
জ্ঞানটি কেড়ে নাও।
প্রাণ নিয়ে কর খেলা, একি রীতি অবহেলা,
কেন আর সন্ধ্যে বেলা
মিছে জ্বালা বাড়াও ?
ধরেছি তোমার ফাঁকি, বল এবে কা'রে ডাকি ?
[illegible]াকে যদি কিছু বাঁকি,
গোপনে বলে যাও।

রামপ্রসাদী-ঝিঁঝিট—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগ।

হর-গৌর্য্যাত্মকং জগৎ।

যদি হৃদয় ভরিয়ে চাহ ভাল বাসিতে,
তবে তাঁরে, দেখিবারে, কভু চেওনা।
সে যে ভাবের বনের কল্পনা-ফুল,
কল্পনা-সৌরভে করে আকুল,
চোকে না দেখে তাঁরে হতাশে ফিরে যেওনা।
নাম নিয়ে তাঁর দূরে বসে থাক,
দূর হতে তাঁরে প্রাণ স'পে রাখ,
বিরহ-রাগে বাড়িবে আগ্রহ,
পূরিবে আকুল প্রাণের কামনা।
প্রাণের কল্পনা বাহিরে ফুটিবে,
সে এসে তোমার সম্মুখে হাসিবে,
সুখে, সন্তোষে একাকী নীরবে
করিবে নিয়ত প্রেমের সাধনা।
তখন জ্ঞেয়, জ্ঞাতা, জ্ঞানে অভেদ সন্ধানে,
মহাসত্ত্বা সদা জাগিবে ধ্যানে ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন রবে না বিরহ—চাবে না মিলন,
দূরে যাবে যত ভাবের স্ফুরণ,
পূর্ণ হবে প্রেমে বিশ্ব চরাচর,
একা তুমি—পূর্ণ তুমি হবে গৌরীহর,
নির্ব্বাণ হবে সব কামনা।

বেহাগ-খাম্বাজ—ঠুংরি।

১০৩

টেনে লও।

সত্যস্যাপিহিতং মুখম্। তৎত্বং পূষণ্ অপাবৃণু।

আর কত কাল রাখ্‌বে দূরে,
লওনা টানি ?
এখন সাধের খেলায় আমি হার মানি।
[illegible] ব'লে ব'সে আছি,
দেখি না তোমায়,
কে বেঁধেছে আঁখি দু'টি মোহন মায়ায় ?
দাও না খুলে দেখি "আমায়"
একটু খানি,

গৌর-সারঙ্গ—দাদ্‌রা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্মৃতির বিস্মৃতি।

তদাবিদ্বান পুণ্যপাপে বিধূয়, নিরঞ্জনঃ পরমং সাম্যমুপৈতি।

তোমার করুণা বিনা আমার নিস্তার নাই।
তোমার চরণ-ছায়ে তোমার অভয় চাই।
পাপে আর নাহি প্রীতি, মুছে কলঙ্ক-স্মৃতি,
একি বিপরীত রীতি, কা'রো সাড়া নাহি পাই!
অনুতাপানলে দহি, সদা ম্রিয়মাণ রহি,
গোপনে গঞ্জনা সহি, বুঝিতে পারিনা তাই।
বরষিলে দয়াঘন, হবে স্মৃতি উৎপাটন,
তা না হ'লে কদাচন, স্মৃতির বিস্মৃতি [illegible]

ইমন্-কল্যাণ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন-লতা।

এতদালম্বনং শ্রেষ্ঠ মে তদালম্বনং পরম্।

ওগো লতার মতন দুলিয়ে যাব,
তোমার চরণ-তলে।
নাথ হে! অবহেলে দিওনা ফেলে
আমায় অস্পৃশ্য বলে।
হার হয়ে যাই যদি অভিমানে
শোভিতে তোমার গল-দেশে,
তুমি ছিড়িয়ে, দলিয়ে, পিশিয়ে, আমায়
ফেলিয়ে দিওনা শেষে;
তুমি চাহ বা না চাহ তোমার লাগিয়া
রাখিব সাজায়ে কায়া,
আমার যে বড় মায়া,
[illegible]ফল যৌবন, বিগত যামিনী,
তবু তোমার হবে না দয়া,
আমি যে তোমারি ছায়া;
দেখ না পরাণ গলিয়া যায়
আমার নয়ন জলে।

কীর্ত্তন—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

একাকী।

সংসার-সাগরমেকাকী পৌরুষ-প্লবেন সন্তরিষ্যামি।

কেউ ত সঙ্গী নাই আমার,
তোরা সাথের সাথী কে হবি ?
একা আমায় যেতে হবে,
আঁধারে মগন ভুবন-ছবি।
বাড়ীতে ভুলিয়া রেখেছি নয়ন,
পথে খুলে কে নিয়েছে শ্রবণ,
চলিতে চলিতে ভেঙ্গেছে চরণ,
বিফল কি করণ সবি ?
আমার জ্ঞানের বোঝা পিঠে আছে,
আমিত্ব-চোর যে ফিরিছে পাছে,
ও তোরা কে আমার আয় না কাছে ?
কেন দূরে দাঁড়ায়ে র[illegible]
মায়া-নদীর তীরে মোহন বেশে
ও তোরা কে ডাকিস্ হেসে হেসে,
হতাশে আমার বুঝি অবশেষে
ডুবে যায় জীবন-রবি।

মিশ্র-পুরবী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০৭

সমর্পণ।

সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্।

দিয়েছি, স'পে দিয়েছি
এ প্রাণ তোমার হাতে।
কোটী কোটী জনম ধরি
ফিরিব সাথে সাথে।
বিষয়-বিষ কেড়ে নিয়ে,
আনন্দ-সুধা আমায় দিও,
আমি শ্রান্ত, ক্লান্ত হ'লে
তুমি যতনে কোলে তুলে নিও,
(আমি) হই যেন জয়ী সদা
জীবনের সমস্যাতে।

খট্-ভৈরবী—আদ্ধা।

CC0: In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১০৮

অভয়।

জ্ঞাত্বা শিবং শান্তি মত্যন্তমেতি।

ভেঙ্গে গেছে ভয়, লভিয়া অভয়
কাছে যেতে লাজে বাঁধে তবু!
নাহি মনে পাপ, তবু কাল ছাপ
এখন যে হৃদে আছে প্রভু!
চলে গেছে দ্বেষ, হিংসা অভিমান,
এসেছে বিনয়, প্রেম, দয়া, জ্ঞান,
তবুও আমার, পূর্ণ সংস্কার,
হয় নি দয়াল বিভু।
এখন শিখাও সবায় সেবিতে,
তোমার করমে পরাণ সঁপিতে,
তা হলে আমার, মলিনতা আর
রহিবে না প্রাণে কভু।

মিশ্র-বেহাগ—দাদরা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দু'টী প্রাণ।

ছায়েবানুগতা স্ত্রী ভর্ত্তুঃ।

যুগ যুগ ধরে, চলে যুক্ত-করে,
যোগে যোগে দু'টী প্রাণ।
কভু রোগে শোকে, কভু সুখ ভোগে
লভি নব নব জ্ঞান।
জগতের কাজে, জগতের মাঝে,
করে আপনারে দান।
মরণে জীবন, বাড়ে অগণন,
নাহি তার অবসান।

টোড়ী-ভৈরবী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসাধ্য।

নহি সুবিজ্ঞেয় মণুরেষ ধর্ম্মঃ।

তোমায় জানিবার আছে কি অধিকার ?
কোথা আত্মা, কোথা জ্ঞান,
কেবা তুমি, কে তোমার।
জ্ঞানের উদয় হলে, ভিন্ন ভাব যায় চ'লে
সব হয় একাকার ;
দ্বিত্ব-জ্ঞান হলে লয়, ভেদাভেদ নাহি র'য়,
কে পরীক্ষা করে কার।
অজ্ঞানের কিবা বোধ, পদে পদে শক্তি রোধ,
মিথ্যা জ্ঞানে শান্তি তার।
মিথ্যা যদি সত্য হয়, অঘটন সংঘটয়,
বাড়ে রাজ্য ছলনায়।

মিশ্র-কালাংড়া—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন্ত-জড়।

প্রাণেন ধার্য্যতে লোকঃ সর্ব্বং প্রাণময়ং জগৎ।

অনন্ত হ'য়ে তুমি হে প্রভু,
পার না বুঝিতে তোমার স্বরূপ ?
তাই কি এ'বিশ্ব প্রকাশে সদা,
তোমার জীবন্ত, সান্ত, বহুরূপ ?
জড়ের মাঝারে, অব্যক্ত চেতনা
বিরাজে গোপনে কত ;
তাই বুঝে বুঝে আপন জড়তা
যায় দূরে অবিরত ;
ধীরে ধীরে হই অতনু. অরূপ।
আমারে কি দিয়া হয় তব জ্ঞান
অব্যক্ত চিন্ময় স্বামি ?
বিশ্বদেহে তাই আপনারে জান
কতই অসীম "আমি"—
কতই অনন্ত, কত অপরূপ।

ভৈরবী—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্ম-গুরু।

হৃচ্ছয়ং বেৎসি মুনিং পুরাণম্।

কোথায় গুরু খুজ্‌বি মন ?
চেয়ে দেখ না গুরু আপন,
হৃদি-কল্প-তরু-তলে
ব'সে ধ্যানে নিমগন।
শিষ্যের মতন, করিয়া যতন,
কর তাঁর আরাধনা ;
পূর্ণ হবে জ্ঞান, পাবে পরিত্রাণ,
সফল হবে বাসনা ;
ভ্রমণ যাতনা, সহিতে হবে না,
মরণ রবে না কদাচন।

আলাইয়া—ঝাপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১৩

কর্ম্ম।

কর্ম্মণা জায়তে জন্তুঃ কর্ম্মণৈব প্রলীয়তে।

করমে আহুতি দেই অহঙ্কার।
আমারে ভুলিয়া আমি করম করি সার।
আমি করম নহি, আমি করমে রহি,
আমি করমের—করম আমার।
করম বন্ধন নয়, করম করণ-লয়,
করম জ্যোতিঃ—আমি অন্ধকার।

শ্যাম—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১৪

মায়ের জন্ম।

মাতৃত্বং লভতে নারী যদা সা সূয়তে সুতম্।

মা কি জন্মে সন্তানের পরে ?
কোথা ছিল মা এতদিন ধ'রে ?
ছেলে আগে এসে খুঁজে নিজ মায়,—
কোথা ছিলি মাগো আয় আয় আয়,
আমার অন্তর ভিতরে।
জন্মেছিস্ মাগো, ছেলের রোদনে,
কি ক'রে মা হবি শিখিবি যতনে,
ছেলের চুম্বনে, আদরে।

মল্লার—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বন্ধন-মুক্তি।

বন্ধ-মোচন-কর্ত্তা তু স্বস্মাদন্যোন কশ্চন।

খুলে দেই দেহ পঞ্জর আমার,
কেন আর রাখি ধরে ?
মহা-চিদাকাশে, আনন্দ-বাতাসে
ভেসে ভেসে যাই উড়ে।
বিষয়-দগ্ধ ক্লিষ্ট হিয়া
রোগ-জীর্ণ-দেহ নিয়া,
কি হবে আর করিয়ে মায়া ?
শমন দাঁড়ায়ে শিয়রে।
আশারুণ বিকাশে জ্যোতিঃ !
কি দিব্য স্বরগ-ভাতি !
পরাণে মোর নাহিক ভীতি,
প্রবেশি নিজ-গৃহান্তরে।

মিশ্র-আসোয়ারী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অমৃত-সাগর।

তদমৃতং বিদ্ধি।

অমৃত-সাগরে করিতে স্নান।
এসহে তাপিত, তৃষিত প্রাণ।
কত সুধা পাবে, ভব-ক্ষুধা যাবে,
মহাসুখে হবে কত লাভবান।
আশঙ্কা, ভাবনা, কিছুই র'বে না,
যা কিছু কামনা, তা হবে নির্ব্বাণ।

মিশ্র ইমন্-কল্যাণ—তেওরা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অচেনা মা।

দর্শয় মাতৃ-রূপং মাম্।

কে তুমি চিনি না তোমায়,
তবু মা মা বলে ডাকি।
তুমি ছেলে ব'লে কোলে তুলে
আমায় নিবে না কি ?
আমি অসহায়, নিরুপায়,
ঠেলে ফেলে কে আমায় ?
একাকী আঁধারে ব'সে
আশার মূরতি আঁকি।
তুমি ছায়া কি স্বপন হও,
আবরণ খুলে লও,
যেন মা বলিয়ে চিনিবারে
নাহি থাকে বাকি।

ভূপালী—খং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভয়।

এষোঽস্য পরমানন্দঃ, এষোঽস্য পরম-সম্পদ্।

আমি ঐ ভয়ে মুদিনা আঁখি।
পাছে হৃদ্-মাঝারে তাঁরে নিরখি।
তাঁরে পাসরিব বলে, চেয়ে রই নভস্তলে,
আঁখি হেরে কুতূহলে, কত শোভা কত পাখি।
পাছে সে বাহিরে এসে, চলে যায় ভালবেসে,
তাই কি আতঙ্কে শেষে, অন্তরে লুকায়ে রাখি।

সিন্ধু-খাম্বাজ—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১১৯

কার্য্যের কর্ত্তৃত্ব।

কস্তং মদামদন্দেবং মদন্যোজ্ঞাতুমর্হতি ?

ওহে বিভু তব, সৃষ্টির গৌরব,
আমি বিনে বল কে প্রচারে ?
যাঁহার রচনা, তাঁহার রসনা,
নিজ গুণ কি গাহিতে পারে ?
সৃজিয়ে আমায় দিলে নিজ জ্ঞান,
কার্য্য হয়ে আমি কর্ত্তার সমান,
তোমার মহিমা, নাহি পাই সীমা,
গাহি বারে বারে।

মিশ্র-রামকেলী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রাণ-পাখী।

প্রাণোহ্যেষ যঃ সর্ব্বভূতৈ বিভাতি।

প্রাণ-পাখী উড়ে যায়
কোথায় কে জানে ?
তেজ হয়ে তেজে কি লুকায়,
হাওয়া হয়ে যায় বিমানে ?
যে ভাবেই থাকে, চোকে চোকে রাখে,
প্রাণে প্রাণে প্রাণ টানে।
ছুঁয়ে ছুঁয়ে যায়, ফিরে নাহি চায়,
প্রাণ-রেণু মিশে প্রাণে।

মালকোষ—সুর-ফাকতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘুড়ি।

ময়ি ভক্তির্হি ভূতানামমৃতত্বায় কল্পতে।

প্রেম-ডোরে বাঁধা ব'লে
উড়ি আকাশে।
ঘুরি ফিরি হেসে বেড়াই
ভেসে বাতাসে।
ডোর ছিঁড়্‌লে কাঁপে মাথা,
প্রাণে লাগে বিষম ব্যথা,
তখন লুটাই এসে, ভূমে শেষে
কতই হতাশে।

বিহারী—কাহারবা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশীর্ব্বাদ-ভিক্ষা।

কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।

সুখে থাকি বেঁচে থাকি।
তাঁরে গোপনে যতনে ডাকি।
লভেছি জনম, করম তরে,
করম করি যেন অকাতরে,
সিদ্ধি, কামনা, মমতা ত্যাগি।
সঁপি জীবন সদা পর-হিতে,
শিখি স্বার্থ সকলি বলি দিতে,
পর-পদ-রেণু শিরে মাখি।
জাগে মনে যেন শুভ-ভাবনা,
কেহ কখন না পায় যাতনা,
কা'রেও যেন না দেই ফাঁকি।

মিশ্র-খাম্বাজ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২৩

সন্তোষ।

সন্তোষমূলং হি সুখম্।

আমার জীবন-অমানিশায়,
কত আশা-জোনাকি
নিভে নিভে জ্বলে যায়।
অশান্তির মাঝে,
সদা সন্তোষ রাজে
মরণ-বিভীষিকায়।

বাগেশ্রী—আড়াঠেকা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২৪

সান্ত্বনা।

মাতৃরূপেণ সংস্থিতা।

রোগে জর্জ্জরিত দেহ, শোকে সন্তাপিত প্রাণ,
তুমি মাগো দয়াময়ি, কর হৃদে শান্তি দান।
তোমার অই স্নিগ্ধ ক্রোড়ে, লও গো তুলিয়ে মোরে,
স্নেহ-স্তন মুখে ধ'রে কর দুঃখ অবসান।

কাফি—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানের প্রহেলিকা।

ক্ষণং প্রকটং ক্ষণমপ্রকটম্।

একাকী গহনে চলিতে পারি কোথায় ?
মাঝে মাঝে জ্ঞান-ভাতি আঁধারে নিবে যায়।
মন অসহায়, ফিরে ফিরে চায়,
কাহার মূরতি নয়নে পড়ে ?
ভাব সনে ভাব মিলিবার তরে,
জ্ঞান বুঝি এম্‌নি ক'রে
আপনারে পাসরি যায় !

ইমন্-কল্যাণ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেহ।

প্রপঞ্চং ক্ষণ-ভঙ্গুরম্।

মাটির দেহ হবে মাটি।
রবে না এ বেশ-পরিপাটি।
বিষয়-অনলে পুড়ে, ছাই হ'য়ে যাবে উড়ে,
না হয় নীচে র'বে পড়ে
সোণার মতন হয়ে খাঁটি।

রামপ্রসাদী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন-পথে দম্পতি।

সোঽধ্বনঃ পারমাপ্নোতি—তদ্বিষ্ণোঃ পরমং পদম্।

জনম-সীমা হ'তে,
ঘোর কর্ত্তব্য পথে,
আজি কোথা ধাই দোঁহে মিলিয়া ?
এযে অনন্ত পথ,
অনন্ত মনোরথ,
সদা দ্রুত-গতি যায় চলিয়া।
জ্ঞান-সারথি সনে,
হেরি হরষ-মনে,
সৃষ্টি-গরিমা আঁখি মেলিয়া।
[illegible]ব মরণ-গত,
জ্ঞান চির জাগ্রত,
পূর্ব্ব স্মৃতি তাই যাই ভুলিয়া।

ভীমপলশ্রী—কাওয়ালি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহানুভূতি।

শোকার্তিগো মোদতে স্বর্গলোকে।

শোকের লহরী একি সুখে প্লাবন !
ভাবের মঙ্গলোচ্ছ্বাসে হৃদয় মগন।
বসিলে বিষণ্ণ মনে, কোথা হতে কাল-ঘনে,
অমনি আবরি ফেলে সুনীল গগন।
কাঁদিলে দুঃখের কান্না, কোথা হতে ঘোর বন্যা
অবিরল বারিধারা করে বরষণ।
আমায় হাসাবে ব'লে, হাসে নিজে কুতূহলে,
মেলিয়া হরষে তাঁর তপন-নয়ন।
সে কিরে আমায় দেখে, জানায় আড়াল থেকে,
এ হেন সহানুভূতি, সমান বেদন ?
তাই কি কাঁদিয়া হাসি, কেবলি আনন্দে ভাসি,
কে আর অমন সুখী আমার মতন !

পাহাড়—ষৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২৭

লুকোচুরি।

তস্যৈষ আত্মা বৃণুতে তনুং স্বাম্।

কেউকি তোমায় ধর্‌তে পারে যতন ক'রে ?
তুমি ধরা দাওহে নাথ সাধ ক'রে।
আবার যখন লুকাও তুমি,
আকুল যামিনী জাগিয়া আমি
কেঁদে বেড়াই—আঁধার ঘরে ;
পাইনা কারো সাড়া অন্তরে।
(আবার) কাছে এস যখন হাসি হাসি,
ঢালি প্রাণে সুধা রাশি রাশি,
খেল লুকো চুরি প্রেম ভরে ;
প্রাণে আনন্দ আর না ধরে।

পিলু-বাঁরোয়া—গৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সান্তে অনন্ত।

যচ্চক্ষুষা ন পশ্যতি যচ্ছোত্রেণ ন শৃণোতি।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে।

তোমার বিশ্বের, সকল আলো
ভাসে না নয়নে।
তোমার সকল মঙ্গল-গীতি,
পশেনা শ্রবণে।
অব্যর্থ বিজ্ঞান, করিছে প্রমাণ
কতযে কিরণে;
আছে তব কত, সুধা-সঙ্গীত
অনাদি গগনে।
সান্ত হয়ে তবু, অনন্ত জ্ঞান
ভাতে সদা প্রাণে;
বুঝি সান্ত নহি, অনন্ত আমি
অনন্তের ধ্যানে।
অনন্ত বুঝিতে, হয়েছি সান্ত,
কল্পনা ছলনে;
জড়-বুদ্ধি পুন, ফুটায় ধীরে
আমায় যতনে।
ক্ষুদ্র হয়ে তবু হই অনন্ত
তব সম্মিলনে;
সকল অভাব যায় মিটিয়া
তব আলিঙ্গনে।

জয়জয়ন্তী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতীক্ষা।

দ্রষ্টা সর্ব্ব-প্রিয়তমঃ সোঽহমিতি।

তুমি আস্‌বে যদি কাছে এস,
ধরা দিও, ছুঁয়ে যেও,
আমি আছি বসে একাকী তোমার আশে।
মম হৃদয়-শূন্য-মাঝে,
তব শুভ নামটি রাজে,
তা দেখেকি প্রাণে তব হবে অভিমান ?
আমায় একাকী ফেলে করিবে পয়াণ ?
যেতে হয় যেও চলে,
আমায় কিছু নাহি বলে,
নাহি খেদ আমার, নাহি অপমান,
আমি একা র'ব, অতি সুখে র'ব,
তোমার মোহন মধুর নামের পাশে !

লগ্নী—যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেম ও কর্ত্তব্য।

সততমপি ততঃ প্রেয় আত্মাখ্যবস্তু।
প্রিয়মধিকমুপাসীত বিদ্বান্নচান্যৎ।

একজনের ভালবাসা,
পেয়ে মিটে প্রেম পিপাসা ;
কর্ত্তব্য লালসা মিটে কি কোটী প্রাণে ?
প্রেমের কেবল আকুলতা,
কর্ত্তব্যের সমতা—
ভেদাভেদ নাহি মানে।
প্রেমবলে পেয়েছি,
কর্ত্তব্য বলে কোথা পাই,
ফিরে শুধু অন্বেষণে।
একের মাঝে প্রেম বিশ্ব পায়,
কর্ত্তব্য আপনারে হারায়
অনন্ত-বাহ্য ভুবনে।

সাহানা—৫২।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগ।

স ব্রহ্মযোগযুক্তাত্মা সুখমক্ষয়মশ্নুতে।
স যোগী ব্রহ্ম-নির্ব্বাণং ব্রহ্মভূতোহধিগচ্ছতি।

আমি কিসের ত্যাগের বড়াই করি,
অধম ছাড়িয়া ক্রমে উত্তম ধরি।
অল্পে নাহি সুখ জেনে,
ভূমা লই প্রাণে টেনে,
চলে যায় দূরে আমার আত্মম্ভরি,
আত্ম প্রসারণ তরে,
রাখি মন রুদ্ধ ক'রে,
ইচ্ছাগত আত্মাহ'তে শক্তি আহরি।
[illegible]াগে যে কেবলি যোগ,
অখণ্ড আনন্দ-ভোগ,
আপন জ্ঞানে রহি ভুবন আবরি।

রামপ্রসাদী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩৪

দয়া।

ধাত্রী বৈ জগতাং দুরিতাপহন্ত্রী।

মা, আমার পাপ হ'তে তোর দয়া বেশি।
তাই কি মা অহংকারে আমি আত্ম-দ্বেষী ?
শুনি না মা তোর নীরব বারণ,
মানি না মা তোর, প্রেমের শাসন,
পাপে অনুতাপে, প্রাণ নাহি কাঁপে,
বিষয়ে বিষয়ী তাই এত মেশামিশি।

আশাবরী—মধ্যমান।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩৮

আদর্শে মিলন।

যথাদর্শে তথাত্মনি।

লুকিয়ে লুকিয়ে তাঁরে কত ভালবাসি।
চোকে চোকে দেখা হলে চোক মুদে হাসি।
সে আমার চির—আপনা,
কেন গো অচেনা, অজানা.
জানিনা তাঁর ঠিকানা—আমি পরবাসী।
সাধ হ'লে দেখতে তাঁরে
মুকুরে হেরি আপনারে,
প্রে[illegible]প অনুকারে—প্রেম বিশ্বগ্রাসী।

কানেড়া - যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাকর্ষণ।

ব্রহ্মৈবাত্যন্তিকং যন্নিরতিশয়সুখস্যাস্পদং। প্রেয়ানাত্মাথ।

ভাল লাগে ব'লে তাঁরে
ভালবাসি না।
কেন যে ভালবাসি তাঁরে,
ভাল বুঝি না।
তাঁর প্রাণের পূর্ণ টানে,
আমার প্রাণ মিশে প্রাণে,
তাঁর মাঝে হারায়ে ফেলি আপনা।
চাহিনা তাঁর পরিচয়,
আপ্‌নি করে প্রাণ জয়,
সে যে কেড়ে লয় প্রাণের বন্দনা।
বিশ্ব-মাঝে যেখানে যাই,
সেখানে তাঁরে প্রাণে পাই,
হৃদি অন্তরে জাগে কত সান্ত্বনা।

মিশ্র-গান্ধারী—কাওয়ালী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩৭

অতৃপ্তি।

ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।

আশা মিটে কি কভু ?
আশাতো মিটে না।
এক আশা পুর্‌লে মনে,
বাড়ে পুন আশা নানা।
(তাঁরে) দেখ্‌তে পেলে ছুঁতে চাই
করতে চাই আপনা ;
যতই জানি তাঁরে প্রাণে
ততই জান্‌তে বাসনা।
যতই তাঁরে পাই আমি
ততই বাড়ে ভাবনা,
মিলনেও নাইকো তৃপ্তি,
কৈ নিবেনা ত কামনা ?
মিট্‌বে আশা একদিন,
যেদিন "আমি" রবেনা ;
আমাতে মিশে গেলে আর
কেহ'ত সাড়া দিবেনা।

পীলু-জলদ্—একতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহা মিলন।

সুপর্ণাবিব পব-পুরুষৌ তিষ্ঠতঃ।

আজি এ মিলনে, নাহি সুখ আশা,
আজি এ মিলনে নাহি ছন্দ, ভাষা,
আজি এ মিলনে নাহি প্রেম-নেশা,
শুধু জাগে প্রাণে পূর্ণ মহা প্রাণ,
আত্মা মাঝে রাজে আনন্দ-বিজ্ঞান।
আজি এ মিলনে নাহি সম্ভাষণ,
আজি এ মিলনে নাহি আলাপণ,
আজি এ মিলনে নাহি আলিঙ্গন,
শুধু জাগে প্রাণে পূর্ণ মহা প্রাণ,
আত্মা মাঝে রাজে আনন্দ-বিজ্ঞান।
আজি এ মিলনে নাহি দীপভাতি,
আজি এ মিলনে নিস্তব্ধা প্রকৃতি,
আজি এ মিলনে রুদ্ধ দেহ-গতি,
জাগে পূর্ণ প্রাণে অনাহত তান,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মা মাঝে রাজে আনন্দ-নির্ব্বাণ।
আজি এ মিলনে পূর্ণ অন্ধকার—
ভাতে চিদাকাশে ; লুপ্ত অহঙ্কার,
প্রলয়ে সৃজনে আজি একাকার,
জাগে পূর্ণ প্রাণে অনাহত তান
আত্মা মাঝে রাজে কৈবল্য-নির্ব্বাণ।

খাম্বাজ—চৌতাল।

১৩৯

আত্মদান।

স প্রাণস্য প্রাণঃ।

সে ভাল বাসে তোমায়
তুমি ভালবাস না রে।
দান পেয়ে কর দান,
প্রাণ পেয়ে দাও প্রাণ,
আত্ম-বিনিময়ে দাও
আপনার আত্মা তাঁরে।

সিন্ধু—কাওয়ালী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মানুভূতি।

অস্তীতি ব্রুবতোঽন্যত্র কথং তদুপলভ্যতে।

তুমি কেমন, তুমি কেমন,
জানিবার প্রভু হে,
আছে কোন্ প্রয়োজন ?
আমি কেমন জানি কি কভু ?
আমি আছি ! আমি আছি তবু !
তেম্‌নি আছ তুমি প্রভু,
নহে ভুল, নহে ছলন !
লহ প্রাণের গাঢ় প্রণতি,
তোমায় না জানিলে কি ক্ষতি !
জানি আমি বিশ্বপতি,
আমি যেমন, তুমি তেমন।

বেহাগ-খাম্বাজ—মধ্য[illegible]।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪১

জ্ঞানের স্বরূপ।

কথংনু তদ্বিজানীয়াং কিমু ভাতি বিভাতি বা।

কেমন বদন তোর কে জানে ?
জ্ঞান শুধু আপনারে জানে !
জ্ঞান মুকুর নহে,
পড়েনা ছায়া তায়,
আপ্‌নি জ্ঞান জ্বলে উঠে
আপন প্রতিভায় ;
জ্ঞানের সুষমায়, সে কোথা লুকায়,
তার মাধুরী কই জাগে না প্রাণে !

মিশ্র-কুকভ—কাহারবা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীবন-নদী।

নদ্যঃ সমুদ্রং প্রাপ্যাস্তং গচ্ছন্তি।
ভিদ্যেতে তাসাং নামরূপে সমুদ্রইত্যেবং প্রোচ্যতে।

আমার জীবন-নদী জনমাবধি
বহে কোন্ জলধি পানে।
কভু দ্রুত গতি ধায়, পর্ব্বত বিদারি যায়
কাহার প্রাণের টানে ?
প্রভাতী হিল্লোলে, মধুর কল্লোলে,
দোলে বীচি-মালা তীরে,
কোটী বিম্ব-ছবি লয়ে এক রবি,
করে খেলা ধীরে ধীরে,
নাচিয়া নাচিয়া তরল [illegible]নে।
প্রশান্ত গম্ভীর, যেন কত ধীর
মধ্যাহ্নে জীবন-ধারা;
বহে পুরো ভাগে, তীব্র অনুরাগে
সগর্ব্বে আপনা [illegible]
প্লাবিয়া দু'কূল আবিল জীবনে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সায়াহ্নে তুফান সহ বহে বান
নির্ম্মম হৃদয়ে তার,
গর্জ্জি ঊর্ম্মিদল, মিশে নভঃস্থল,
হয়ে যায় একাকার ;
গরজে দামিনী প্রলয়-কম্পনে।
সুধাংশু প্রদোষে, উদিলে সন্তোষে,
জোছনা পুলকে ভাসি ;
তর তর রবে, কভু বা নীরবে,
লুকায় বিজনে আসি,
হাসে প্রকৃতি-রাণী সুধা-প্লাবনে।
নিশীথে গর্জ্জন, করিয়া শ্রবণ,
অদূরে অর্ণব জানি ;
প্রবলা, চঞ্চলা, বিরহ-বিহ্বলা
চাহে নিজ দেহ খানি
মিলা'তে মিশা'তে আপন কারণে।
নিশি শেষে আর, বিভিন্ন আকার
রহেনা পরাণে তার,
মিলায় মিশায়, এক হয়ে যায়
প্রেমের সহস্র ধার,
তরঙ্গে তরঙ্গ, জীবন জীবনে।

কীর্ত্তন—দোঠুকি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

১৪৩

যোগক্ষেম।

তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্।

এ নহে করুণা তাঁর,
শুধু প্রতিদান।
সে বড় চতুর, নিঠুর, সেয়ান।
গোপনে যা দিবে কিছু ভালবেসে তাঁরে,
কোটি গুণে ফিরিয়ে তা দিবে বারে বারে,
বিনা মূলে কেহ নারে হ'তে লাভবান।
তীব্র সাধনা বলে, সে শুধু প[illegible]ড় ধরা,
কোটী ডাকে সাড়া সে ত দেয় [illegible]রা,
সে যে অভিমানে ভরা, করে কত ভাণ!

মাঝ-[illegible]—ঠুংরি।

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দু'টি পাখী।

দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিসস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি।

একটী শাখে থাকে ব'সে,
দুইটী পাখী পাশাপাশি ;
একটী ফল খায় সুখে,
একটী চির উপবাসী।
একটী নেচে ফিরে খেলা করে
গাহে কত গান ;
একটী নীরবে নীরবে করে
আত্ম-রূপ ধ্যান ;
একটী মায়া-ঘোরে হাসে কাঁদে
কত ভালবাসি ;
একটী মায়া দিয়ে মায়া নাশে
সদানন্দে হাসি।

গাম্বাদ্ধ—বং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মানব।

অহং সর্ব্বস্য প্রভবো, মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।

আমি মানব, দেব, মহাদেব মহীতে।
পারি সবই করিতে—পারি সবই সহিতে।
রবি হ'তে বড়, অণু হ'তে ক্ষীণ
কুসুম-কোমল, অয়স-কঠিন,
হই দ্বন্দ্ব-হীন আমি নিজে জানিতে।
কোটী ব্রহ্মাণ্ডের অতি গুরু ভার,
সহস্র, অযুত হোক্ গুণ তার,
পারি অনিবার ধীরে শিরে বহিতে।
সাম্রাজ্য, ঐশ্বর্য্য, অগণিত ধন,
দারা সুত, প্রিয় আত্মীয় স্বজন,
করি বিসর্জ্জন, পারি একা বাঁচিতে।
প্রণয়ের তরে, প্রতিজ্ঞা-রক্ষায়,
ধর্ম্মের লাগিয়া, সত্যপ্রতিষ্ঠায়,
তীব্র যাতনায়, পারি সুখে মরিতে।
যা কিছু সুন্দর, যা কিছু মহান্
ভেঙ্গে চুরে করি শত শত খান্
শ্মশানে উদ্যান পারি পুনঃ রচিতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুণ্যের বিগ্রহ, পাপের মূরতি,
আমার ইচ্ছার অনন্ত শকতি ;
পারে মনোগতি কে আমার রোধিতে ?
প্রকৃতির গুপ্ত শক্তি অগণন,
সুকৌশলে আমি করিয়া যোজন,
করম আপন, পারি সদা সাধিতে।
অনন্ত স্বরগ আমার রচনা,
অনন্ত নরক আমারি কল্পনা,
অনন্ত কামনা ভাঙ্গিতে গড়িতে।
অব্যক্ত ব্রহ্মের ব্যক্ত পরিচয়,
বিশ্বের ঠিকানা জানি সমুদয়,
আমি সর্ব্বময় বর্ত্তমান, অতীতে।
[illegible] আমার কিছু নাহি ভবে,
অসম্ভব কভু সম্ভবে মানবে ?
ভবিষ্য হইবে পূর্ণ সোঽহম্-সঙ্গীতে।

সুরট-মল্লার—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রার্থনা।

যজ্ জ্ঞাত্বা মুচ্যতে জন্তুরমৃতত্বং চ গচ্ছতি।

আমি নিরন্তর করিব প্রার্থনা :
আপন স্বরূপ করিতে ধারণা।
সর্ব্বত্রই ভদ্র করিলে দর্শন,
সর্ব্বত্র কল্যাণ করিলে শ্রবণ,
সর্ব্বত্র মঙ্গল করিলে চিন্তন,
পূর্ণ হবে মোর জ্ঞানের সাধনা।
কায়মনোবাক্যে সত্য আচরিয়া,
থাকিব নিয়ত জগৎ ভুলিয়া,
মিথ্যা "আমি" কোথা যাইবে উড়িয়া,
উঠিবে ফুটিয়া আত্মার জোছনা।
দুঃখ, দৈন্য হ'লে চির-অবসান,
পূর্ণ আনন্দের ছুটিবে তুফান,
র'বেনা তখন আর দ্বৈত-জ্ঞান,
হইবে নির্ব্বাণ সকল বাসনা।
অন্তর্দ্ধান হ'লে বাসনা সকল,
এ জগৎ হবে পুণ্য-লীলা-স্থল,
রহিব নির্লিপ্ত পদ্মে যথা জল,
নির্ম্মম-হৃদয়ে র'বেনা ভাবনা।

মুলতান—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সোঽহং।

ব্রহ্মৈবেদংসর্ব্বং। সোঽহমস্মি।

তুঁহি অস্তি, তুঁহি ভাতি, তুঁহি প্রিয়া, তুঁহি অনাদি,
তুঁহি পেয় পিতম্।
তুঁহি কারণ, তুঁহি করম, তুঁহি পাপ, তুঁহি ধরম,
তুঁহি জ্যোতিঃ, ধ্বান্তম্।
তুঁহি জ্ঞেয়ং, তুঁহি জ্ঞাতা, তুঁহি ভোজ্যং, তুঁহি ভোক্তা,
তুঁহি স্থূলং, সূক্ষ্মং।
মুঝে তু[illegible]কিয়া ভেদ ? তুঁহি 'তৎত্বমসি' বেদ।
তুঁহি "তৎসৎ" সোঽহম্।

ইমন্—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লুট্।

সানন্দঃ রাজতে বালঃ মাতৃক্রোড়েহি নির্ভয়ঃ।

আজ ভয় পেয়ে ভয় গিয়েছে দূরে।
আয় তোরা নির্ভয়ে মার অন্তঃপুরে।
আজ সেথায় হ'বে প্রেমের লুট.
যে যত প্রেম লুট্‌তে পারে,
লুট্‌বে ছেলে মায়ের ভাণ্ডার,
কেউত বারণ কর্‌বে নারে,
মাও এসে দিবেন ধরা ছেলের লুটের মাঝারে;
মার অক্ষয় ভাণ্ডার! মার সোণার সংসার!
যতই লুট ততই বাড়ে;
এম্‌নি বিধান মার! এমনি তাঁর সুবিচার!
সবই হ'বে একাকার
প্রেম- পাথারে ঘুরে ঘুরে।
প্রেমানন্দে গলিবে আঁখি, প্রেমের মধুর লীলা দেখি,
তোরা পাগলের চেয়ে হবি পাগল,
মার নামে পাবি প্রাণে কোটী হাতীর বল।
মা যে তোদের মহান্ সম্বল.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাই ক্ষেপাছেলে নাচ্‌বি কেবল, গাইবি কেবল,
মার আঁচল ধরে, মা মা ক'রে ;
তোদের সঙ্গে নাচ্‌বে ধরা, নাচ্‌বে রবি, শশী, তারা,
গ্রহে গ্রহে ঝরবে ধারা (প্রেমের),
দিবানিশি ঘুর্‌বে তারা, অনন্ত ব্রহ্মাণ্ড জুড়ে।

কীর্ত্তন—একতালা।

১৪৯
এত আড়ি।

জ্ঞেয়ঃ স নিত্য-সন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।

ধন-দৌলতে আমার কেন তোমার এত আড়ি ?
ফকির বানাতে আমায় কেন চাহ তাড়াতাড়ি ?
সিক [illegible]মোহর-থান, গোলা ভরা শস্য-ধান,
[illegible]নে হয় অন্তর্দ্ধান, লাটে চড়ে জমিদারি।
ননির পুতুল কচি ছেলে, অকারণে পড়ে ঢ'লে,
[illegible]-লক্ষ্মী কোথায় চ'লে যাবে বল আমা ছাড়ি।
[illegible]একা দাঁড়াব হেসে, কর্ম্ম-জাল যাবে খ'সে
ধা[illegible]ব মুক্তি পায়ে এসে, কে হারিবে ব্যথাহারি ?

রামপ্রসাদী—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্ম-ভাব।

ভাবেন লভতে সর্ব্বং ভাবেনৈবাত্মদর্শনম্।

আমি যা ভাবি তা হই।
আমার সুখের দুঃখের কর্ত্তা,
কেহ নহে আমি বই।
পাপ ভাবিয়া হই পাপী,
নিজ মূরতি হেরে কাঁপি,
কত না যাতনা সই।
আবার পুণ্য ভাবনায়,
প্রাণ ভরে সুষমায়,
স্বরগে আনন্দে রই।
ভাবে ক্ষয়, ভাবে বিজয়,
ভাবেই আত্ম পরিচয়,
আপনারে চিনে লই।
আমি দৈব, পুরুষকার,
গড়াই নিয়তি আমার,
আমি কা'রো সৃষ্ট নই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

বিকৃত ব্রহ্ম—আমি জীব,
আমি মুক্ত,—আনন্দ শিব,
দু'টি মম রূপ অই।

ছায়ানট—একতালা।

১৩১

স্বরূপ-ধ্যান।

নরঃ স্বরূপধ্যানেন লভতে ব্রহ্ম নির্ম্মলম্‌।

আমি নি[illegible]-সত্য-শাশ্বত-পুরাণ।
[illegible]ঙ্গল আমি পূর্ণ, বিশ্ব-প্রাণ।
আমি দ্বৈত-বিবর্জ্জিত, আনন্দ-বিজ্ঞান,
[illegible]বিত্র স্বরূপ আমি অমৃত-বিধান;
[illegible]র ইচ্ছায় হোক্ সর্ব্বত্র কল্যাণ,
[illegible]ব আনন্দে আমি আনন্দ নির্ব্বাণ।

জয়জয়ন্তী—ঝাঁপতাল।

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহেতুক প্রেম।

আত্মতত্ত্বং প্রসমীক্ষ্য দেহী ভবতি কৃতার্থঃ।

জেনে শুনে আমি কভু
তাঁরে ত বাসিনা ভাল।
তাঁরে ভালবাসি ব'লে
সে হয় সবারি ভাল।
গুণাতীত সে যে প্রভু
হয় তবু গুণময়,
আমার প্রাণের প্রীতি
করে তাঁরে মধুময়;
অমিয় সুন্দর সে যে,
বিশ্বের মহান্ আলো।
চাহিনা দেখিতে তাঁকে,
সে মম অন্তরে থাকে,
গোপনে সে আপনাকে
বাসে সদা কত ভাল।

মিশ্র–ঝিঝিট– -যৎ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫৩

সকলি আমার।

ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্ত-মূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহংতেষ্ববস্থিতঃ।

আমার আমার, সকলি আমার,
আমিত কাহারো নই।
হাসি মুখে শুধু, যে ডাকে আমারে
তার পানে চেয়ে রই।
জগতের সনে মায়ার ছলনে,
আছি মিশে যেন মধুর মিলনে,
তাই পুরাতন, আমি সনাতন,
নিতিই নূতন হই।
জবার ব[illegible]ণে স্ফটিকের মত,
চি[illegible] রঞ্জিত আমি অরিরত;
[illegible]-হিত তরে, তাই অকাতরে
প্রাণে এত দুখ সই।
আমি জগতের, জগৎ আমার,
আমি বিশ্বাতীত, পূর্ণ মূলাধার,
[illegible]র উদাসীন, তবু পরাধীন,
আমি নহি সাক্ষী বই।

সিন্ধু-খাম্বাজ—তেতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পূর্ণ-মিলন।

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।

মিলন-মঙ্গলে আজি মহা শান্তি রাজে।
ওঙ্কারে বিজয়-শঙ্খ ঘন ঘন বাজে।
বিষয়ের হলাহল,
আজি স্বাদু, সুশীতল,
বাসনার সুনির্ম্মল কি জোছনা সাজে!
যোগে ভোগে সমন্বয়,
দোঁহে মিলে এক হয়,
বিষয়ে বাসনা জয়, সজ্জন-সমাজে।
প্রগাঢ় মিলন-ছন্দে,
প্রাণ মহাপ্রাণে বন্দে,
আত্মা পূর্ণ জ্ঞানানন্দে, পূর্ণ বিশ্ব মাঝে।

ইমন্-কল্যাণ—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫৩

কি সম্বন্ধ ?

তৎ প্রজ্ঞানমানন্দং ব্রহ্ম অহমস্মি।

কি সম্বন্ধ আমার তোমার সনে ?
তুমি আমার আমি তোমার প্রলয়ে
স্থজনে।
তুমি আমার স্বরূপ, আমি তব মূর্ত্তি,
তুমি আমার চৈতন্য, আমি তব শক্তি,
বিশ্ব-ব্যাপিনী মোর অনন্ত স্ফূর্ত্তি
বিরাজে অনাদি গগনে।
তুমি আমারি জ্ঞেয়, আমি তব জ্ঞাতা,
তুমি আমারি ভোগ্য, আমি তব ভোক্তা,
তবু তুমিই পাতা, দাতা, বিধাতা
আমার জীবনে মরণে।
ব্যষ্টি সমষ্টিতে যদি হয় একাকার,
এ বিরাট বিশ্ব বুঝি থাকে না'ক আর,
ভাঙ্গে ইন্দ্রজাল মোহন মায়ার,
তোমার আমার মিলনে।

মূলতান—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৫৬

আমি-তুমি।

অহং ত্বং ত্বমেবাহম্।

আমি আমারে চিনি না তাই
তুমি, তুমি বলে ডাকি।
আমি যে তুমি, তুমি যে আমি।
কেন গো তা ভুলে থাকি।
শুক্তিতে রজত, রজ্জুতে ভুজঙ্গ,
হেরিয়ে আতঙ্কে কাঁপে কেন অঙ্গ ?
অন্ধ-জনে একি রঙ্গ, ফাঁকি ?
অভেদ-চিন্তনে র'বে না প্রভেদ,
র'বেনা অন্তরে সন্তাপ, সংবেদ,
বিজ্ঞানে মায়া রাখিব ঢাকি।
আত্মার স্বরূপ হ'লে সপ্রকাশ,
দূর হবে, যত দ্বৈত-অবভাস,
র'বেনা তখন কিছু বাকি।
আপনি করিব আপন সাধনা,
আপনার ধ্যান, আপন ধারণা,
নিজের মূরতি নিজে আঁকি।

পিলু—ঝাঁপতাল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কৈবল্য।

সর্ব্বমাত্মময়ং যত্র তৎহি কৈবল্যমুচ্যতে।

তোমারে প্রকাশি জ্ঞান কোথা যায় উড়িয়া
ভকতি যায় গলিয়া।
আমিও তখন তোমাতে যাই
মিলিয়া মিশিয়া।
তখন আর ভাতেনা চন্দ্র, তপন,
তখন রহেনা জড়, অচেতন,
সকল ভুবন পড়ে খসিয়া।
তোমার প্রকাশ উঠিলে ভাসিয়া,
সকল চৈতন্য মিলে তোমাতে আসিয়া,
সকল স্পন্দন সকল গীতি,
সকল [illegible] সকল স্মৃতি,
একবারে যায় মুছিয়া :
তখন তুমি কেবল রহ
সকল শূন্য ব্যাপিয়া।
[illegible] তব আনন্দ-মূর্ত্তি
সকল বিশ্ব ঢাকিয়া।

ইমন্-ভূপালি—একতালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩৮

আনন্দ।

আনন্দাদ্ধ্যেব ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি।
আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি।

আনন্দ কর, আনন্দ কর, আনন্দ কর প্রাণ।
তুমি আনন্দময়, হবে আনন্দে লয়,
আনন্দে গাহ গান।

সুখে আনন্দ, দুঃখে আনন্দ, আনন্দ ভোগে।
জ্ঞানে আনন্দ, ধ্যানে আনন্দ, আনন্দ যোগে,
জড়ে আনন্দ, চিতে আনন্দ, আনন্দে বিশ্ব ভাসমান।
সৃষ্টি আনন্দে, স্থিতি আনন্দে, [illegible]নন্দে পুষ্টি,
গতি আনন্দে, মতি আনন্দে, আন[illegible]ষ্টি,
চিদানন্দে আনন্দে বিশ্ব লভিবে অন্তে শান্তি-নি[illegible]ণ।
ওঁ শান্তিঃ! শান্তিঃ! শান্তিঃ!

মিশ্র-হাম্বীর [illegible] তালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

C0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varana

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi